NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী

এখন বিভিন্ন মাধ্যমে উপলব্ধ
একদিন
Website : www.ekdinnews.com
http://youtub.com/@dailyekdin2165
Epaper : ekdin-epaper.com
শেয়ার এবং সাবস্ক্রাইব করুন

৪ ৫০-এ পা দেওয়া আন্তর্জাতিক নারীদিবস উপলক্ষে বিশেষ

ধর্মশালায় পঞ্চম টেস্টের প্রথম দিনটা শুধুই ভারতের ৮

কলকাতা ৮ মার্চ ২০২৪ ২৪ ফাল্গুন ১৪৩০ শুক্রবার সপ্তদশ বর্ষ ২৬৬ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata, 8.3.2024, Vol.17, Issue No. 266, 8 Pages, Price 3.00

নারী দিবসের অঙ্গীকার নিয়ে রাজপথে মমতা ও অভিষেক

‘মুখোশ খুলে গিয়েছে, এবার আপনার রায় দেবে জনগণ’

নাম না করে প্রাক্তন বিচারপতিকে তীব্র কটাক্ষ মুখ্যমন্ত্রীর

নিজস্ব প্রতিবেদন: আজ আন্তর্জাতিক নারীদিবস। তবে তার একদিন আগে বৃহস্পতিবার নারীদিবস উপলক্ষে কলকাতায় মিছিলে হাঁটলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়-অভিষেক বন্দ্যোপাধ্যায় ও মহিলা তৃণমূলের সদস্যরা। কলেজ স্কোয়্যার থেকে ডোরিনা ক্রসিং পর্যন্ত মিছিল করে এগোয় মিছিল। রাস্তার দুধারে মমতাকে স্বাগত জানান সাধারণ মানুষ। মহিলা তৃণমূলের ডাকে মিছিলে কলকাতার রাজপথে হাঁটলেন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর কয়েক গজ পিছনে হাঁটলেন দলের সেনাপতি অভিষেক বন্দ্যোপাধ্যায়।

ব্রিগেডে জনগর্জন সভার ৭২ ঘণ্টা আগে মমতা-অভিষেকের একসঙ্গে মিছিল তৃণমূলের অভ্যন্তরীণ সমীকরণের জন্য তাৎপর্যপূর্ণ তো বটেই। গত ২২ জানুয়ারি রামমন্দির উদ্বোধনের দিনেও হাজরা থেকে পার্ক সার্কাস পর্যন্ত হেঁটেছিলেন মমতা-অভিষেক। মঞ্চে বক্তৃতাও করেছিলেন দু’জন।

প্রায় প্রতি বছর নারীদিবসে মমতা বন্দ্যোপাধ্যায় নারী বাহিনীকে নিয়ে মিছিল করেন। সেই মিছিলে দেখা যায় বহু সেলিব্রিটিকেও। এবছরও সেই মিছিল হল। তবে তা নারীদিবসের একদিন আগে। কারণ হিসেবে আগেই শোনা যাচ্ছিল শিবরাত্রির কথা। ৮ তারিখ শিবরাত্রি। ওইদিন মহিলাদের নানা আচার-অনুষ্ঠান থাকে। তাই মিছিল সংগঠিত করা কঠিন হতে পারে বলে মনে করছিল শাসকদল।

৭ তারিখ মিছিল শেষে সভা থেকে একদিন আগে নারীদিবস পালনের কারণ নিজেই জানালেন মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি জানিয়েছেন শিবরাত্রির কথাই। আগামিকাল শিবরাত্রিতে মহিলারা ব্যস্ত থাকবেন। অনেকেই উপোস করেন। উপোস করে এভাবে মিছিল বা সভায় যোগদান কঠিন বলেই আগেভাগে নারীদিবস উদযাপনের সিদ্ধান্ত বলে জানালেন তিনি। এদিনের অনুষ্ঠানে ছিলেন শশী পাঁজা, মালা রায়, চন্দ্রিমা ভট্টাচার্য-সহ অন্যান্যরা। উল্লেখ্য, পথের আন্দোলন দিয়েই রাজনৈতিক জীবন শুরু মমতা বন্দ্যোপাধ্যায়ের। প্রতিবাদ হোক বা যে কোনও আন্দোলন, রাস্তায় নেমে কর্মসূচি সফল করতে তাঁর জুড়ি মেলা ভার। বিরোধী নেত্রী থেকে ক্ষমতায় আসীন হওয়ার পরও সেই পথের আন্দোলন থেকে সরে আসেননি তিনি।

সদ্য প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের বিজেপিতে যোগদান করা নিয়ে তাঁকে তীব্র কটাক্ষ করলেন তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বিজেপিতে যোগদানের কিছুক্ষণের মধ্যে ধর্মতলায় নারী দিবসের সমাবেশ থেকে তাঁকে নাম না করে তীব্র কটাক্ষ করেন মমতা। মুখ্যমন্ত্রীর অভিযোগ, প্রাক্তন বিচারপতির জন্যই হাজার হাজার ছেলে মেয়ের চাকরি হয়নি। উদ্দেশ্যপ্রণোদিতভাবে তিনি দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে নাম করে আক্রমণ করেছেন। এখন তার মুখোশ খুলে পড়েছে। প্রাক্তন বিচারপতিকে চ্যালেঞ্জ করে তিনি বলেন, তিনি যেখানেই ভোটে দাঁড়াবেন সেখানে পড়ুয়াদের পাঠানো হবে। পড়ুয়ারাই তাঁকে জবাব দেবে। তিনিও যে আইনজীবী ছিলেন, তা মনে করিয়ে অভিজিৎকে আক্রমণ করেন মমতা। প্রাক্তন বিচারপতির নামোচ্চারণ না করেও তিনি বলেন, ‘এঁদের দিকে তাকিয়ে মানুষ বিচার পাবে? বিচারের চেয়ারে বসে রোজ একটা করে পিল (পাবলিক ইন্টারেস্ট লিটিগেশন) গিলছে! রবীন্দ্রনাথ লিখে গিয়েছিলেন, বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে।’

অন্যদিকে, তাপস রায়ের দলত্যাগ প্রসঙ্গে নাম না করে তৃণমূল কংগ্রেস নেত্রী বলেন, বিশ্বাসঘাতকদের মানুষ কখনো ক্ষমা করে না। এজেন্সির ভয়ে যারা বিজেপির ওয়াশিং মেশিনে সাফ হতে গিয়েছেন মানুষ তাঁদের জবাব দেবেন। অন্যদিকে, এদিনের সমাবেশ আয়োজন করার জন্য তিনি সাংসদ সুদীপ বন্দ্যোপাধ্যায় ও বিধায়ক নয়না বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ জানান। প্রসঙ্গত, তাপস রায় নিজের দলত্যাগের কারণ হিসাবে ওই দুই নেতার প্রতি বিরোধ ছিল অন্যতম। নিজের ভাষণের একটি অংশে বিজেপিকে পিন্টুবাবু বলে কটাক্ষ করেন মমতা। পাশাপাশি, জানিয়ে দেন তিনি রাজ্যে এনআরসি করতে দেবেন না বলে বা আধার কার্ড বাতিলে বাধা দেন বলে পিন্টুবাবুর রাগ হয়। এরপর রাজ্যে আসা বিভিন্ন কেন্দ্রীয় টিম নিয়েও মন্তব্য করেন মমতা। তাঁর মতে, বিভিন্ন ঘটনায় রাজ্যে ৪৫৫ টি কেন্দ্রীয় দল এসেছে। কিন্তু মণিপুরে কোনও কেন্দ্রীয় দল যায়নি। তিনি জানান, রাজ্যে যে সমস্ত কেন্দ্রীয় দল এসেছে তাদের রাজ্য প্রশাসন স্বাগত জানিয়েছে। তবে এই সৌজন্যকে দুর্বলতা ভাবলে ভুল হবে। বারবার অত্যাচার করলে তৃণমূল তার জবাব দেবে। এরপর দল বদলের প্রসঙ্গও আসে তাঁর ভাষণে। তাঁর দাবি, বাড়িতে ইডি’র হানার ভয়ে অনেকে বিজেপিতে যোগদান করছেন। মমতার কথায়, ‘এখন বিষয়টা এমন হয়ে গিয়েছে যেন কেউ তৃণমূলে থাকলে চোর আর বিজেপিতে গেলে ওয়াশিং পাউডার ভাজপা। কেউ কেউ ভয় পাচ্ছে বাড়িতে ইডি চলে যাবে। একদিন বাড়ি গেলে ভয় পাচ্ছে। গদ্দাররাই তাঁদের ফোন করে বলে দিচ্ছে বিজেপিতে চলে যাও। তাঁরা বিজেপিতে চলেও যাচ্ছে। চিরদিন এরকম চলবে না।’

মিছিলে হাজির সন্দেশখালি থেকে আসা মহিলারা

নিজস্ব প্রতিবেদন: এদিন মিছিল ও জমায়েতে সন্দেশখালি থেকে আসা বেশ কিছু মহিলাকেও সামিল করা হয়। তারা দাবি করেন, মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপেই সন্দেশখালিতে শান্তি ফিরেছে। পরে মুখ্যমন্ত্রী বলেন, বাংলায় দেশের মধ্যে এমন জায়গা যেখানে মহিলারা সম্পূর্ণ নিরাপদ। হাথরস এবং মণিপুরের কথা উল্লেখ করে তিনি অভিযোগ করেন, বিজেপি শাসিত রাজ্যগুলির মহিলাদের ওপর অত্যাচারের ঘটনায় নীরব। কিন্তু এ রাজ্যে কোন ঘটনা ঘটলে তৃণমূল কর্মীদেরও রেয়াত করা হয় না। মমতা বলেন, ‘কালকে একজন এসে সন্দেশখালি নিয়ে অনেক কিছু বলে গেলেন। কিন্তু ভুল সন্দেশ দিলেন। কয়েকটা ঘটনা হতেই পারে। হতে পারে সব খবর আমরা পাই না। হাতের পাঁচটা আঙুল সমান নয়। অন্যায় হয়ে থাকলে আমরা সঙ্গে সঙ্গে অ্যাকশন নিই। তৃণমূল নেতাদের গ্রেপ্তার করতেও পিছপা হই না।’

তৃণমূলে যোগ দিলেন বিজেপির বিধায়ক

নিজস্ব প্রতিবেদন: পদ্ম-শিবিরে বৃহস্পতিবারই যোগ দিয়েছেন অবসরপ্রাপ্ত বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। তা নিয়ে উচ্ছ্বাসের মধ্যেই বিজেপি থেকে নিজের নাম সরালেন এক বিধায়ক। দলের মতুয়া বিধায়ক মুকুটমণি অধিকারীকে দেখা গেল তৃণমূলের মিছিলে। রানাঘাট দক্ষিণের ওই চিকিৎসক বিধায়কের হাতে জাতীয় স্তরের দায়িত্বও রয়েছে। জাতীয় কার্যকারিণী কমিটির কনিষ্ঠতম সদস্য তিনি। জবাব দিয়েছেন মুকুট নিজেই। ধর্মতলায় মমতা বন্দ্যোপাধ্যের সভামঞ্চে তৃণমূলের পতাকা হাতে নেওয়ার আগে তিনি বললেন, ‘গত পাঁচ বছর ধরে যে বঞ্চনার শিকার হয়েছেন নদিয়ার মানুষ, যেভাবে সেখানে কোনও পরিষেবা দেওয়া হয়নি, তার সুবিচার করতেই মমতা বন্দ্যোপাধ্যায় এবং অভিষেক বন্দ্যোপাধ্যায়ের আশীর্বাদধন্য হয়ে আমি তৃণমূলে যোগ দিচ্ছি। যাতে নদিয়াবাসীকে রাজনৈতিক হিংসামুক্ত পরিবেশ দিতে পারি। পরিষেবা দিতে পারি। বঞ্চনার ইতিহাস মেটাতে পারি।’ জানা গিয়েছে, রানাঘাট লোকসভায় তাঁকে তৃণমূলের প্রার্থী করা হতে পারে।

দুর্নীতি দূর করার লক্ষেই বিজেপিতে যোগ দিলেন অভিজিৎ গঙ্গোপাধ্যায়

নিজস্ব প্রতিবেদন: পরিকল্পনামাফিক বিজেপিতে যোগদান করলেন প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। বৃহস্পতিবার বিজেপিতে যোগদানের কথা আগেই ঘোষণা করা হয়েছিল। এদিন সকালে সেই মতো তাঁর বাড়িতে পৌঁছে যান বিজেপি নেত্রী অগ্নিমিত্রা পল ও বিজেপি নেতা সজল ঘোষ। বিজেপির পতাকা হাতে তুলে নেওয়ার পরই তিনি এদিন বুঝিয়ে দিয়েছেন, দুর্নীতি দূর করাই তাঁর মূল লক্ষ্য। আগামিদিনে সুকান্ত মজুমদার ও শুভেন্দু অধিকারীর পরামর্শ নিয়ে চলবেন বলে জানিয়েছেন তিনি। বিজেপির দলীয় পতাকা হাতে তুলে নেওয়ার পর অভিজিৎ গঙ্গোপাধ্যায় বলেন, ‘আজ আমি একেবারে নতুন জগতে পা দিলাম। এই সর্বভারতীয় দলে নরেন্দ্র মোদি, অমিত শাহের মতো নেতারা আছেন।’ তিনি আরও উল্লেখ করেন, রাজ্য বিজেপির সভাপতি সুকান্ত মজুমদার ও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর পরামর্শ প্রতি মুহূর্তে কাজে লাগবে তাঁর। প্রাক্তন বিচারপতি বলেন, ‘আমি দলের একজন শৃঙ্খলাবদ্ধ সৈনিক হিসেবে কাজ করতে চাই। দল আমাকে যে দায়িত্ব

দেবে, তা পালন করতে আমি প্রতিজ্ঞাবদ্ধ।’ দুর্নীতির বিরুদ্ধে যে লড়াই জারি থাকবে, সে কথা উল্লেখ করে অভিজিৎ গঙ্গোপাধ্যায় বলেন, ‘আমাদের প্রথম উদ্দেশ্য হল, একটা দুর্নীতিগ্রস্ত দল ও সরকারের বিদায় লগ্নের সূচনা করে দেওয়া, যাতে ২০২৬ এ তারা আর ক্ষমতায় আসতে না পারে। একজন বাঙালি হিসেবে আমি অত্যন্ত কষ্ট পাই যখন দেখি বাংলা ক্রমশ পিছিয়ে পড়ছে। তাই একটা সিরিয়াস লড়াই শুরু করতে হবে।’

প্রিয় ভাই,

পরমপিতা শিব পরমাত্মার পরিচয়

আমরা যখন এই সমাজে আছি তখন আমাদের প্রত্যেককে প্রত্যেকের কাছে কিছু জানার বা শেখার আছে। আমরা বিভিন্ন ধর্মের মানুষেরা যুগ যুগ ধরে যাকে ঈশ্বর, ভগবান বা আল্লাহ্ বলে ডাকছি, তিনি তো একজন তখন তার নামও একটিই হওয়া উচিৎ, তাই না? তাই তার আসল নাম হল পরমপিতা শিব পরামাত্মা। তিনি হলেন নিরাকার বিন্দু রূপ, জ্যোতি স্বরূপ, ভগবান সর্বব্যাপী নন তিনি পরমধাম, ব্রহ্মলোক বা পরলোকবাসী। সেই জন্য ভগবান গীতায় বলেছেন যে আমি এই ধামের বাসী নই, আমার ধাম হল দিব্য ধাম বা পরমধাম। যেখানে চন্দ্র, সূর্যের আলো পৌঁছায় না, সে এক জ্যোতির দেশ সেখানে শুধুমাত্র আত্মারা-ই থাকে, সেটা আত্মাদের ঘর। এই শরীরের বিনাশ আছে কিন্তু আত্মার কোন বিনাশ নেই সে হল অজর, অমর, অবিনাশী এবং সে এক অতি সূক্ষ্ম জ্যোতি বিন্দু, চৈতন্য শক্তি যা আমাদের প্রত্যেকের দুই ভ্রুরুর মধ্য স্থানে অবস্থিত। পরমাত্মা হলেন সকল আত্মার পিতা, তিনি পিতার সঙ্গে পরমশিক্ষক এবং সদ্‌গুরু, কি ভাবে? মানুষ মানুষকে শ্রেষ্ঠ শিক্ষা দিতে পারে না, দেন ভগবান বা আল্লাহ্ সেই জন্য আমরা কি বলে থাকি, যে আজকে ভগবান বা আল্লাহ্ একে উচিৎ শিক্ষা দিয়েছেন। তিনি কি বলেছেন যে তুমি যেমন কর্ম করবে তেমনই ফল পাবে। এবার তিনি সদ্‌গুরু কি অর্থে? আমরা সারা জীবন যাই করি না কেন, জীবনের শেষ লগ্নে আমাকে সেই ভগবান বা আল্লাহ্-র স্মরণে যেতেই হবে। তিনি ছাড়া কেউ কাউকে গতি বা সদ্‌গতি দিতে পারেন না, তিনিই প্রত্যেক আত্মার মুক্তি জীবনমুক্তি দাতা। শিববাবা প্রত্যেক আত্মাকে মুক্তি দিচ্ছেন বলে তাকে ভক্তি মার্গে মুক্তিনাথ বলে ডাকা হয়।

পরমপিতা পরমাত্মার প্রকৃত নাম হল শিব। শিব কথার অর্থ হল শব+ইব=শিব। শব মানে দেহ, ইব মানে আলাদা অর্থাৎ যিনি দেহ থেকে আলাদা (নিরাকার) তিনিই হলেন শিব। তিনিই হলেন সৃষ্টির আদি-মধ্য-অন্তের জ্ঞাতা, গীতার জ্ঞান দাতা। গীতাতে ভগবান বলেছেন আমি অযোনী সম্ভবা, অকর্ত্তা, অভোক্তা এবং আমি জন্ম-মৃত্যু রহিত। হিন্দু ধর্মে ৩৩ কোটি দেব-দেবীর সাকারি চিত্র বা আকারী মূর্ত্তি আছে যেমন—কৃষ্ণ, রাম, শঙ্কর ইত্যাদি। কিন্তু শিবলিঙ্গ নিরাকার এখানে যে শঙ্করকে দেখানো হয়েছে তিনি কিন্তু শিব নন, তিনিও তার তার নামের মালা (ওঁ নমঃ শিবায়) জপেন তার লিঙ্গের সামনে। লিঙ্গ অর্থাৎ প্রতীক, পরমাত্মা (ভগবান) আমাদের মধ্যে নেই সেই জন্য তার লিঙ্গ (স্বরূপ) বানিয়ে সবাই পূজো করছে। গীতাতে স্পষ্ট লেখা আছে যার শরীর আছে সে কখনই ভগবান হতে পারে না। সেইজন্য সর্ব ধর্ম মান্য হলেন নিরাকার পরমাত্মা শিব, এবার দেখুন হিন্দু ধর্মে (সনাতন) রাম এবং কৃষ্ণ এই দুইজনকে ভগবান বলে ডাকা হয়। অথচ রামচন্দ্রও শিবলিঙ্গ পুজো করেছেন যার নাম রামেশ্বরম্ এবং কৃষ্ণও শিবলিঙ্গ পূজো করেছেন যার নাম গোপেশ্বরম্, তাহলে প্রশ্ন হল যিনি পূজো করছেন তিনি কি হলেন? ভক্ত, আর যিনি পূজো নিচ্ছেন তিনি কি হলেন? ভগবান! সেই জন কৃষ্ণকে GOD Krishna নয় Lord Krishna বলা হয়।

তাহলে দেখা যাচ্ছে রাম এবং কৃষ্ণের ভগবান হচ্ছেন ‘পরমপিতা শিব পরমাত্মা’ হিন্দু ধর্মে অনেক ঈশ্বর আছে কিন্তু পরমেশ্বর কজন? তিনি কিন্তু একজনই (শিববাবা) সকল দেবতার ক্ষেত্রে (Lord) কথাটি ব্যবহার হয় কিন্তু শুধুমাত্র পরমাত্মাকেই (GOD) বলা হয়, যিনি ব্রহ্মার দ্বারা স্থাপনা বিষ্ণুর দ্বারা পালনা এবং শংকর দ্বারা বিনাশ করান। তিনিই হলেন প্রত্যেক আত্মার পিতা। সব সময়ের জন্য জানবেন আমাদের প্রত্যেকের দুটি করে পিতা আছে, এক হলেন শরীরের বিনাশী পিতা, তিনি হলেন এক জন্মের পিতা কিন্তু আরেক জন হলেন আত্মার অবিনাশী পিতা, তিনিই হলেন জন্ম-জন্মান্তের পিতা (শিব)। হিন্দু ধর্মে শিবকে সবাই বাবা বলে ডাকেন, যেমন-আমি, আমার মা, আমার পিতা, তারও পিতা অর্থাৎ তিনি হলেন পিতারও পিতা তাই তার নাম পরমপিতা শিব পরমাত্মা। তিনিই হলেন প্রত্যেক আত্মার দুঃখহর্তা সুখকর্তা। সেই জন্য দুঃখের সময় আমরা তাকে (ভগবান) বেশী করে ডাকি, তাই তার অপর নাম হল রহমতআলী। তিনিই স্বর্গের রচয়িতা, Hevenly GOD futher, World almighty (সর্বশক্তিমান) তিনিই হলেন গীতার ভগবান, কোরানের আল্লাহ্ এবং বাইবেলের GOD। এই তিনটি ধর্মগ্রন্থেই বলা আছে তিনি এক এবং নিরাকার। মুসলিম ধর্মে তাকে আল্লাহ্ নূর বলে, নূর অর্থাৎ প্রকাশ বা জ্যোতি। তারা আল্লাহ্‌কে নিরাকার মানেন এবং এর সঙ্গে তারা বলেন আল্লাহ্ এক এবং অদ্বিতীয় (নিরাকার) অর্থাৎ তার মতো দেখতে দ্বিতীয় আর কেউ নেই। খ্রীষ্টান ধর্মে যাকে GOD বলা হয়, তারাও বলছেন GOD is one, GOD is light অর্থাৎ ভগবান একজন এবং তিনি একটি জ্যোতি। শিখ ধর্মেও বলেছে এক ঔঙ্কার-হী নিরাকার (ভগবান), এক ঔঙ্কার শতনাম (ভগবানের) বা এক ঔঙ্কার হী সত্য। সেই জন্য শিববাবাকে বলা হয় সত্যম-শিবম্-সুন্দরম্, জৈন ধর্ম, বৌদ্ধ ধর্মেও তাকে অনন্ত জ্যোতি বলে ডাকা হয়। অনন্ত অর্থাৎ যে জ্যোতির অন্ত নেই, সাঁইনাথও বলে গেছেন সবকা মালিক এক হে। তাই সত্য যুগের পূর্ব মুহূর্তে এই পুরুষোত্তম সঙ্গমযুগে বা কয়ামতের সময় (Judgment Day) তিনি কি বলছেন?

শিব ভগবানুবাচ ঃ “হে আমার প্রিয় সন্তান এবার নিজেকে আত্মা ভেবে আমাকে আমার রূপে (বিন্দু) স্মরণ করো তাহলে তোমার জন্ম জন্মান্তরের পাপ (বিকর্ম) নষ্ট হয়ে যাবে এবং পুনরায় তুমি সুন্দর পবিত্রময় জীবন ফিরে পাবে। তুমি যুগে যুগে ডেকে এসেছো, বলেছো হে ভগবান, হে আল্লাহ্, হে পতিত পাবন তুমি এসে আমাকে উদ্ধার করো। তাই আমি এই পৃথিবীতে অবতরণ করে গেছি তোমাদেরকে ২১ জন্মের জন্য জন্ম সিদ্ধ অধিকার দিতে (স্বর্গের) মুক্তি-জীবনমুক্তির, এখন এই যুগের শেষ সময় চলছে”। তাই আর দেরী না করে এই বিষয়ে বিস্তারিত জানতে যোগাযোগ করুন প্রজাপিতা ব্রহ্মাকুমারী ঈশ্বরীয় বিশ্ব-বিদ্যালয়ে (সর্ব-ধর্ম-নির্বিশেষে) অথবা Log on করুন www.brahmakumaris.com -এ।

Om Shanti

(বিঃ দ্রঃ- মানব জাতির কল্যানার্থে ঈশ্বরীয় সম্প্রদায় হইতে প্রচারিত।)

‘উপত্যকার সন্ত্রাসের বিরুদ্ধে হাতিয়ার হবে উন্নয়ন’

শ্রীনগর, ৭ মার্চ: ২০১৯ সালে সংবিধানের ৩৭০ অনুচ্ছেদ প্রত্যাহারের পর ৫ বছরে এই প্রথমবার জম্মু-কাশ্মীর সফরে গিয়েছেন প্রধানমন্ত্রী মোদি। বৃহস্পতিবার শ্রীনগর পৌঁছন প্রধানমন্ত্রী। সেখান থেকেই ‘বিকশিত ভারত, বিকশিত জম্মু কাশ্মীর’ নামক একটি অনুষ্ঠানে যোগ দেন তিনি। সেখানে ৬ হাজার ৪০০ কোটির মোট ৫৩টি প্রকল্পের ঘোষণা করেন। সরকারি চাকরির নিয়োগপত্রও তুলে দেন বেশ কয়েকজনের হাতে। তার পরে ভাষণ দিতে গিয়ে মোদির মুখে শোনা যায় বিকশিত কাশ্মীরে উন্নয়নের বার্তা। তাঁর কথায়, ‘আজকে যেসমস্ত প্রকল্প উদ্বোধন হল সেগুলো কাশ্মীরের উন্নতি করবে। আর কাশ্মীরের বিকাশ মানেই ভারতের বিকাশ। এই কাশ্মীর দেখার জন্যই নিজের প্রাণ বিসর্জন দিয়েছিলেন ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়। কাশ্মীরিদের হাসিমুখ দেখলেই দেশের ১৪০ কোটি মানুষ খুশি থাকবেন।’ বিশ্লেষকদের মতে, কাশ্মীর থেকে সন্ত্রাসবাদ একেবারে সমূলে উৎপাটন করতে চান মোদি। সেই জন্যই ঢালাও উন্নয়নের পথে হাঁটছে কেন্দ্র। উন্নয়ন হলে জনমানসে জঙ্গিদের প্রভাব কমবে, কর্মসংস্থান হলে কমবে সন্ত্রাসবাদও। সেই জন্যই লোকসভা নির্বাচনের আগে কাশ্মীরে গিয়ে প্রধানমন্ত্রীর বার্তা, ‘আপনাদের মন জিততে এসেছি। কারণ জম্মু-কাশ্মীর শুধু একটা এলাকা নয়। এটা ভারতের কপাল।’ প্রধানমন্ত্রীর কথায়, কৃষকদের ক্ষমতায়ন, পর্যটনের সম্ভাবনা- সমস্ত কিছু নিয়েই আরও উন্নত কাশ্মীর গড়ে উঠবে আগামী দিনে। উপত্যকায় গিয়ে এদিন কংগ্রেসকে তোপ দাগলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। অভিযোগ করলেন, অনুচ্ছেদ ৩৭০ নিয়ে জম্মু ও কাশ্মীর এবং দেশের মানুষকে ভুল বুঝিয়েছে কংগ্রেস। সভামঞ্চ থেকেই মোদি বলেন, ‘কয়েক দশক ধরে অনুচ্ছেদ ৩৭০-এর নাম করে জম্মু ও কাশ্মীর এবং দেশের মানুষকে ভুল বুঝিয়েছে। কাশ্মীরের মানুষ এখন সত্যিটা বুঝতে পারছেন। তাঁরা বুঝতে পারছেন অনুচ্ছেদ ৩৭০-এ জম্মু ও কাশ্মীরের কোনও উপকার হয়েছে না কি একটি পরিবার সেখান থেকে সুবিধা নিয়েছে।’ একই সঙ্গে প্রধানমন্ত্রীর সংযোজন, ‘অনুচ্ছেদ ৩৭০ না থাকায় জম্মু ও কাশ্মীরের প্রতিভাবানেরা যোগ্য মর্যাদা পাচ্ছেন।’

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

নাম-পদবী

গত ০৬/০৩/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৩৩৮৪ নং এফিডেভিট বলে Nitai Mandal S/o. Ajit Mandal ও Netai Mondal S/o. A. Mondal সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ০৩/০২/২৩ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ২০ নং এফিডেভিট বলে Sital Hazra S/o. Sudhir Kumar Hazra ও Sital Ch. Hazra S/o. S. Hazra সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ০৬/০৩/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৩৩৭৭ নং এফিডেভিট বলে Bablu Pal S/o. Sudhanshu Pal ও Bablu Paul S/o. Lt. S. Paul সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ২৭/০২/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ২৮৬৫ নং এফিডেভিট বলে Sovan Pan S/o. Nemai Chandra Pan ও Sovan Kumar Pan S/o. N. C. Pan সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ০৭/০৩/২৪ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী কোর্টে ১৭৭১ নং এফিডেভিট বলে Tushar Kanti Dey S/o. Sadhan Chandra Dey ও Tushar Kanti Dey S/o. Lt. S. Ch. Dey সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ০৭/০৩/২৪ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী কোর্টে ১৭৭৭ নং এফিডেভিট বলে Ajibar Mallik S/o. Jaynal Mallik, Ajibar Mallick S/o. Jainal Mallick ও Ajibar Rahaman S/o. Sekh Joylal সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ০৭/০৩/২৪ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ৬৬ নং এফিডেভিট বলে Nirmal Das S/o. Murari Mohan Das ও Nirmal Das S/o. M. Das সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

নাম-পদবী

গত ০৬/০৩/২৪ S.D.E.M., শ্রীরামপুর, হুগলী কোর্টে ৩৪২৪ নং এফিডেভিট বলে আমি Sarup Bhandari ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Jugal Kishore Bhandari ও G. K. Bhandari সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

নাম-পদবী

গত ০৭/০৩/২৪ S.D.E.M., সদর, হুগলী কোর্টে ০৩ নং এফিডেভিট বলে Ashok Paul S/o. Mahananda Paul ও Ashok Paul S/o. Lt. M. Paul সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ০১/০৩/২৪ নোটারী পাবলিক, সদর, হুগলী কোর্টে ৮৬ নং এফিডেভিট বলে Samir Kumar Sil S/o. Pasupati Sil ও Samir Shil S/o. P. Shil সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম-পদবী

গত ০১/০৩/২৪ নোটারী পাবলিক, সদর, হুগলী কোর্টে ৮৯ নং এফিডেভিট বলে Prabir Kumar Sil S/o. Pasupati Sil ও Prabir Shil S/o. P. Shil সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

নাম পরিবর্তন

আমি Ranjit Sardar S/O. Lt. Nemai Sardar, আমার কন্যার নাম Riyanshi Sardar born on 24.01.2015, গত 31.01.2024 তে Ld. M.M. at Kolkata Court-এর এফিডেভিটে আমার কন্যা **Riyanshi Sardar, D/O. Ranjit Sardar & Rai Sardar, D/O. Ranjit Sardar** একই ব্যক্তি বলে পরিচিত হইল।

CHANGE OF NAME

I Suraj Singh, S/o Late Uday Pratap Singh, Hindu, residing at 144/29 Dharmatala Road Haora 711106. Vide affidavit No 14885 dt 6th Mar 2024, at Alipore Court, Kolkata mentioned that the Suraj Singh and Raju Singh is the same and one identical person.

CHANGE OF NAME

I Shekhar Kumar Jain (PAN: ACSPJ5969M), S/o of Shri Ashok Kumar Jain residing at 6EG Manikarn Apartments, 3B Ram Mohan Mullick Garden Lane, Kolkata-700010 declare that Shekhar Kumar Jain, Shekhar Jain & Shekhar Kr. Jain are the one and same identical person vide notary at Kolkata C.M.M'S.Court dated 07.03.2024.

বিজ্ঞপ্তি

Dist- Purba Medinipur
In the Court of Civil Judge (Jr.Divn.) Haldia
(District Delegate)
Succession
J.Misc case no-10/2021

Sri Swapan Kumar Adhikary ...Petitioner
-VS-
Sanku Maharaj Adhikary ...O.P.

এতদ্বারা সর্ব সাধারনের জ্ঞাতার্থে জানানো যায় যে, ছবি চক্রবর্ত্তী পিতা-৺রাম চক্রবর্ত্তী সাং- গোবিন্দপুর, পোঃ- বাজিৎপুর, থানা- সুতাহাটা, জেলা- পূর্ব মেদিনীপুর। অধিন একজন স্থায়ী বাসিন্দা ছিলেন। এবং উনার লোকান্তে দরখাস্তকারীর মাতা উষা রানী অধিকারী একমাত্র ওয়ারীশ বিধায় উক্ত ছবি চক্রবর্ত্তীর গচ্ছিত সহ অর্থাদি প্রাপক হইয়াছিল। তৎপরে উক্ত উষা রানীর লোকান্তে দরখাস্তকারী ১/৪ অংশের গচ্ছিত অর্থাদি বিষয়ে Succession Certificate প্রার্থনায় উপরোক্ত নং মোকর্দ্দমা উত্থাপন করিয়াছে। উপরোক্ত নং মোকর্দ্দমা বা দরখাস্তকারীর দাবী বিষয়ে, কাহারো কোন আপত্তি থাকিলে আদালতের ধার্য্য দিন আগামী ইং- ১৫-০৪-২০২৪ তারিখে স্বয়ং অথবা উকিলবাবু নিযুক্তে আপত্তি দাখিল করিবেন অন্যথায় আইনানু ব্যবস্থা গৃহীত হইবে।

অদ্য ইং-২৯/০২/২০২৪ তারিখে আদালতের শীল মোহর মতে প্রদত্ত হইল।

অনুমত্যানুসারে
Malay Maity
Sheristader
Civil Judge (Jr. Div.)
Haldia Court,
29-02-24

নোটিশ

ক্যালকাটা কেমিক্যাল এন্ড ইন্ডাস্ট্রিয়াল কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর গত ১৮-৬-২০২২ তাং বার্ষিক সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক পরিচালন কমিটির আসন্ন নির্বাচন উপলক্ষ্যে যে সমস্ত সদস্য এখনও সদস্য পরিচয়পত্র গ্রহণ করেন নাই তাহারা অবিলম্বে সমবায় সমিতির কার্যালয়ে যোগাযোগ করিয়া নিজ নিজ পরিচয়পত্র গ্রহন করিয়া বাধিত করিবেন।

তাং- ০৫/০৩/২০২৪

বিনীত -
তদারক পরিচালন কমিটির পক্ষে
শ্রী চন্দন সরকার
শ্রী সঞ্জয় রায়
শ্রী সব্যসাচী মুখার্জী

বিজ্ঞপ্তি

ডিস্ট্রিক্ট ডেলিগেট আদালত হুগলী।
এ্যাক্ট ৩৯- ৫১/২৩ নং মোকর্দ্দমা

প্রসেনজিৎ দে, পিতা- মৃত শান্তি কুমার দে, সাং- ১২৬ জোড়াঘাট লেন, পোঃ ও থানা-চুঁচুড়া, জেলা- হুগলী, পিন-৭১২১০১।

...দরখাস্তকারি

অত্র নোটিশ দ্বারা অবগত করানো যাইতেছে যে, দরখাস্তকারি মৃত শান্তি কুমার দে -এর পুত্র মৃত অভিজিৎ দে - (যিনি মৃত্যুর পূর্বে নবান্ন প্রিন্টিং ওয়ার্কস প্রাইভেট লিমিটেড এর কর্মচারী ছিলেন) এর একমাত্র উত্তরাধিকারী হিসাবে তাহার কর্মজীবনের গ্র্যাচুয়িটি মূল্য-২,৯৪, ২৩০, (দুইলক্ষ চুরানব্বই হাজার দুইশত ত্রিশ টাকার) হকদার হিসাবে উত্তরাধিকারী শংসাপত্র পাইবার নিমির্ত্তে অত্র মোকর্দ্দমা দায়ের করিয়াছেন। অত্রবিষয়ে যদি কাহারো কোন আপত্তি থাকিলে অদ্য হইতে আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অত্র আদালতে উপস্থিত হইয়া কারণ দর্শাইবেন নচেৎ অত্র মামলার একতরফা শুনানী হইবে।

দরখাস্তকারির পক্ষে
Sadhan Chakraborty
উকিলবাবু

আদেশানুসারে
শ্রী চরণ সিং
সেরেস্তাদার
ডিষ্ট্রিক্ট ডেলিগেট আদালত, চুঁচুড়া, হুগলী।

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

উত্তর ২৪ পরগনা

অ্যাড কানেক্সন
সন্তোষ কুমার সিং
হোম নং -৩, বিএল নং-১৮, মেঘনা মোড়, পোস্ট ও থানা-জগদ্দল, উত্তর ২৪ পরগনা, ফোন- ৮৩৩৬০ ৮৮৭২১
ইমেইল- **adconnexon@gmail.com**

এ.এন. বিজ্ঞাপন গ্রহনকেন্দ্র
সেখ আজাহার উদ্দিন, বারাসাত, জেলা- উত্তর ২৪ পরগনা, কলকাতা-৭০০১২৪, মোঃ- ৯৭৩৩৬৫২৬৩৬

হুগলি

মা লক্ষ্মী জেরক্স সেন্টার, সর্বাণী চ্যাটার্জি, ঠিকানা কোর্টের ধার ওল্ড জেলা পরিষদ, চুঁচুড়া, জেলা হুগলি, পিন: ৭১২১০১, মোঃ ৯৪৩৩১৬৮৯১৮।

জিৎ অ্যাডভার্টাইজিং এজেন্সি, প্রসেনজিৎ সামন্ত, ঠিকানা- দলুইগাছা, সিঙ্গুর, বন্ধন ব্যাঙ্কের পাশে, জেলা- হুগলী, পশ্চিমবঙ্গ, মোঃ ৯৮৩১৬৯৯২৪৪

নদিয়া

টাইপ কর্ণার, নিরঞ্জন পাল, ঠিকানা : কালেক্টরি মোড়, এসপি বাংলোর বিপরীতে, পোঃ কৃষ্ণনগর, জেলাঃ নদিয়া, পিন: ৭৪১১০১, মোঃ ৯৪৭৪৩৩৪৯৭৮

রাজ টেলিকম, অমিতাভ বিশ্বাস, ঠিকানা: করিমপুর, জেলা নদিয়া, মোঃ ৯৪৩৪৪২০৬৮৬/ ৯০৯৩৬৮৮৫৩০।

সুজয়া উদ্যোগ সমূহ, শ্রীধর অঙ্গন, বাজার রোড, নবদ্বীপ, নদিয়া-৭৪১৩০২, মোঃ ৯৩৩৩২২০৬৫৯।

অবসর, ডি. বালা, চাকদহ, নদিয়া। মোঃ ৭৪০৭৪৮০১০৮।

সবিতা কমিউনিকেশন, প্রোঃ- রুমা দেবনাথ মজুমদার, ৪/১ প্রাচীন মায়াপুর ৩য় লেন, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিন-৭৪১৩০২, মো-৮১০১৩ ৭৩৫৮১

পূর্ব মেদিনীপুর

আইনক্স অ্যাড এজেন্সি
সুরজিৎ মাইতি, পিটপুর, কেশপাট, পূর্ব মেদিনীপুর-৭২১১৩৯, মোঃ ৯৭৩২৬৬৬০৫২

শ্যাম কমিউনিকেশন, দেবব্রত পাঁজা, দেউলিয়া বাজার, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন: ৭২১১৫৪, মোঃ ৯৪৭৪৪৪৬৮৯৬/ ৭০৭৪৪৯৩৭৯৬

মানসী অ্যাড এজেন্সি, শশধর মান্না, মেচেদা ও তমলুক, ঠিকানা: কাকডিহি, মেচেদা, কোলাঘাট, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন ৭২১১৩৭, মোঃ ৯৮৩২৭০৯৮০৯/ ৯৯৩২৭৭০৭৬৭

পশ্চিম মেদিনীপুর

মহালক্ষ্মী অ্যাডভার্টাইজিং এজেন্সি দুর্গেশ চন্দ্র শুক্লা,
ঠিকানা: হোল্ডিং নং. ১৬৮/১৪২, ওয়ার্ড নং-১৬, ভগবানপুর কালী মন্দিরের কাছে, খড়্গপুর টাউন, পশ্চিম মেদিনীপুর-৭২১৩০১
মোঃ ৮৯১৮০৬৩৪৪৬

আজকের দিনটি কেমন যাবে ?

আজ ৮ই মার্চ। ২৪ শে ফাল্গুন, শুক্রবার। ত্রয়োদশী তিথি আজ মহা শিব রাত্রি। জন্মে মকর রাশি। অষ্টত্তরি বৃহস্পতির বিংশত্তরি চন্দ্রের। মৃতে দোষ নাস্তি।

মেষ রাশি : বান্ধবের ছদ্মবেশে শত্রু সাবধান। বিদ্যার্থীদের শিক্ষকের জন্য কিছু গোলযোগ সৃষ্টি হবে। দুই সন্তানের মধ্যে কনিষ্ঠ সন্তানের জন্য গৃহ বিবাদ। পারিবারিক পরিবেশে অশান্তির বাতাবরণ। সাইকেল বা মোটরসাইকেল কেনার জন্য মানসিক দুশ্চিন্তাবৃদ্ধি। আজ ১০৮ বিশ্বপত্র শ্বেত চন্দন দ্বারা শিবলিঙ্গের ওপর সমর্পণ করুন, শুভ ফল প্রদান।

বৃষ রাশি : নতুন কোন উৎসাহ বাঞ্জক সংবাদ আনন্দবৃদ্ধি করবে ।যারা কর্মের সুজয়া উদ্যো জন্য লড়াই করছেন, প্রতিষ্ঠা পাওয়ার জন্য লড়াই করছেন, তারা একজন প্রতিবেশী, দুজন বান্ধব এবং এক নারীর দ্বারা বহু সহযোগিতা লাভ করবেন। ছোট ভ্রমণ হতে পারে। কপূর দ্বারা সূর্যদেবের উদ্দেশ্যে আরতি করুন শুভ হবে।

মিথুন রাশি : যারা সংকল্প নিয়ে কাজ করছেন আজ তাদের অতীব শুভ দিন উর্ধ্বতন কর্তৃপক্ষের দ্বারা বিশেষ সম্মান। ইনস্টাগ্রামে যারা নিয়মিত সচেতন ভাবে পোস্ট করেন, যাদের পোস্টে একটা মেসেজ থাকে তারা সম্মান পাবেন। স্কুল কলেজ, বিদ্যার্থীদের জন্য যে সংগঠন সেখানে যারা কাজ করেন তারা সম্মানিত হবেন, শিব নাম করুন এগিয়ে চলুন।

কর্কট রাশি : বান্ধবের দ্বারা উপকৃত হবেন। প্রতিবেশীর দ্বারা উপকৃত হবেন। যে নতুন গৃহ সরঞ্জাম কিনতে চলেছেন, মনস্থির করেছেন তা কেনাকাটায় আনন্দ উপভোগ করবেন। এক প্রভাবশালী মানুষের দ্বারা আনন্দবৃদ্ধি হবে ভ্রমণ নিশ্চিত। তবে জলগ্রহণ থেকে সতর্ক থাকা শুভ। ভগবান গনেশজি চরণে হলুদ রঙের পুষ্প নিবেদন করুন মনষ্কামনা পূরণ হবে।

সিংহ রাশি : কৃষি জমি, বাজজমি, দোকান, ব্যবসায়িক প্রতিষ্ঠান নিয়ে দুশ্চিন্তা বৃদ্ধি হবে। এক ছলনাময়ী নারীর দ্বারা অসহযোগিতায় কাজ আটকে যাবে। বিদ্যার্থীদের জন্য অশুভ। দুশ্চিন্তা কোন সন্তানের কারণে। গৃহে বিবাদ কলহ। এক প্রবীণ নাগরিকের দ্বারা দুশ্চিন্তা। যাকে কথা দিয়েছিলেন কাজটা করার জন্য, না করার জন্য হয়তো অপমান সূচক কোন কথা শুনতে হতে পারে। আজ ভগবান গনেশজির চরণে ১০৮ দুর্বা নিবেদন করুন।

কন্যা রাশি : যারা কর্মের চেষ্টা করছেন, তাদের জন্য অতীব শুভ। যারা বিভিন্ন ইন্টারভিউ সাক্ষাৎকারের সুযোগ লাভের আশা করছিলেন, আজ তাদের সুখবর আসবে। বিদ্যার্থীদের জন্য অতীব শুভ। যারা সোশ্যাল মিডিয়ায় ভালো কিছু পোস্ট করে সমাজকে সচেতনতার বার্তা দেন, তাদের জন্য সম্মান প্রাপ্তির দিন ভগবান শ্রী গনেশের চরণে ১০৮ দুর্গা শুভ।

তুলা রাশি : পরিবারের শান্তির বাতাবরণ। পরিবারে কোন বান্ধব দ্বারা, সম্মান প্রাপ্তি ।যিনি চিকিৎসকের দ্বারস্থ ছিলেন, তিনি আজ বাড়ি ফিরবেন। গৃহবধূদের শুভ দিন। প্রেমিক যুগল প্রেমে সফলতা প্রাপ্তি এবং বিবাহের কথা পাকা হওয়ার লি সম্ভাবনা প্রবল। যে সন্তানের কারণে মানসিক দুশ্চিন্তা ছিল, আজ শান্তির বাতাবরণ। জয় তারা জয় তারা বলুন এগিয়ে চলুন।

বৃশ্চিক রাশি : যা ভাবছেন তাই হওয়ার সম্ভাবনা প্রবল ধৈর্য ধরে আজ কথা বললে, অন্যের কথা বেশি প্রাধান্য দিলে, সমাজে সুনাম বৃদ্ধি হবে। কর্মস্থানে প্রবীণ মানুষের দ্বারা কোন সমস্যার সমাধান হবে। এক প্রভাবশালী মানুষের দ্বারা নিশ্চিত ব্যবসা-বাণিজ্য শুভ। যোগাযোগ বৃদ্ধি অর্থ প্রাপ্তির সময়। মহামায়া দেবী মাতা দুর্গার চরণে হলুদ পুষ্প নিবেদন করুন সর্ব শুভ।

ধনু রাশি : সতর্কতার সঙ্গে আজকের দিনটি চলুন। ছদ্মবেশী শত্রু আপনার পাশেই আছে। কর্মক্ষেত্রে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে যে কথাটা দিয়েছিলেন, তা না রাখার জন্য আজ কিছু রূঢ় বাক্য শুনতে হবে। ধৈর্য ধরে কথাটি শুনলে আগামী অতীব শুভ। হলুদ রঙের মিষ্টি বিতরণ করুন শুভ হবে। পারিবারিক অশান্তির বাতাবরণ। ছদ্মবেশী মানুষ তাকে চিহ্নিত করুন।

মকর রাশি : আধ্যাত্মিক ভাবে জীবনের এক নতুন পথে চলতে শুরু করবেন। সন্ন্যাসী, গুরু বা কোন আধ্যাত্মিক মানুষের সংস্পর্শ লাভ। বাড়িতে দেবতার পুজো কীর্তন দিয়ে অনুষ্ঠান। প্রতিবেশীদের দ্বারা পূর্ণ সহযোগিতা লাভ। সাধারণ মানুষকে বস্ত্র বিতরণ করুন। সকালবেলায় কাক পক্ষীদের জন্য জল এবং খাবারের ব্যবস্থা করুন শুভ ফল পাবেন। দেবী মহালক্ষীর পুজো করুন শুভ ফল পাবেন।

কুম্ভ রাশি : আজকে কথার খেলাপ হয়ে যাওয়ার জন্য একটু পিছিয়ে পড়বেন। অতি নিদ্রা অতি বিশ্রাম, অতি ভোজন, শুভ নয়। যারা কর্মের জন্য চেষ্টা করছেন, 'তাদের কাছে আজ ধৈর্যের পরীক্ষা। প্রেমিক যুগল বিবাহের ব্যাপারে কথা নিয়ে কোনো বিতর্কে জড়িয়ে পড়তে পারেন। সন্তানের বিদ্যালয় কোন শিক্ষক বা শিক্ষিকার আচরণে দুঃখ পেতে পারেন। মানসিক অস্থিরতা বৃদ্ধি হবে সারা বাড়িতে কপূর আরতি করুন শুভ হবে।

মীন রাশি : অতীব শুভ অর্থ প্রাপ্তি। বাণিজ্য বৃদ্ধি। শুভ গৃহ পরিবেশের শান্তির বাতাবরণ। যারা রাজনীতি করেন তাদের জন্য অতীব শুভ দিন। দেবী দুর্গা মায়ের চরণে লাল ফুল নিবেদন করুন শুভ হবে।

(মহা শিবরাত্রি ব্রত, শিব চতুর্দশী শুভারম্ভ রাত ৭ ৫৯ মিনিট ১ সেকেন্ড। সমাপ্তি, কাল সন্ধ্যা ৫ ৪২ মিনিট ।)

ঘোষণা- এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

সন্দেশখালির পথে আটক লকেট, অগ্নিমিত্রা ও ভারতীরা

নিজস্ব প্রতিবেদন: বৃহস্পতিবার সন্দেশখালি যাওয়ার পথে নিউটাউনের কাছে পুলিশের হাতে আটক হলেন বিজেপির নেত্রী লকেট চট্টোপাধ্যায়, অগ্নিমিত্রা পল এবং ভারতী ঘোষ। এদিন তাঁদের নেতৃত্বে বিজেপির মহিলা মোর্চার একটি দল এগোচ্ছিল সন্দেশখালির দিকে। নিউটাউনের কাছে পৌঁছতেই আটকে দেওয়া হয় তাঁদের। পরে বিজেপির ওই তিন নেত্রীকে আটকও করে নিউটাউন থানার পুলিশ।

এই ঘটনার প্রতিবাদে নিউটাউন থানার বাইরে অবস্থান বিক্ষোভে বসেন বিজেপির মহিলা মোর্চার সদস্যরা। অন্যদিকে, বিক্ষোভকারীরা যাতে থানা চত্বরে প্রবেশ করতে না পারেন, সে জন্য বন্ধ করে দেওয়া হয় থানার গেট। নারী দিবসের আগের দিন সন্দেশখালিতে যাবেন বলে আগেই জানিয়েছিলেন বিজেপির মহিলা মোর্চার সদস্যরা। সেই মিছিলের নেতৃত্বে বিজেপি সাংসদ লকেট, বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা এবং বিজেপির নেত্রী তথা প্রাক্তন আইপিএস অফিসার ভারতীর নেতৃত্বে একটি মিছিল এগোচ্ছিল সন্দেশখালির দিকে। মাঝপথেই ব্যারিকেড করে বাধা দেওয়া হয় মিছিলটিকে। সেই ব্যারিকেড ভেঙে বাইরে বেরোনোর চেষ্টা করলে পুলিশ আটক করে বিজেপির তিন নেত্রীকে।

শাহজাহান বাড়িতে গেল সিবিআই

নিজস্ব প্রতিবেদন: সন্দেশখালিতে শাহজাহান শেখের বাড়িতে গেল সিবিআই। বৃহস্পতিবার বিকেলে সন্দেশখালির আকুঞ্জীপাড়া মোড়ে শাহজাহানের বাড়িতে যান সিবিআইয়ের কয়েক জন আধিকারিক। তবে বাড়ির ভিতরে তাঁরা ঢোকেননি। বাইরে থেকে এলাকা পর্যবেক্ষণ করা হয়েছে।

শাহজাহানের বাড়িতে এর আগে রেশন দুর্নীতি মামলার তদন্ত করতে গিয়েছিল ইডি। তারা দ্বিতীয় বার গিয়ে শাহজাহানের বাড়িতে তালা ভেঙে ঢুকেছিল। বেশ কয়েক ঘণ্টা তল্লাশি চালিয়ে বাড়ি সিল করে দিয়ে বেরিয়ে যান ইডি আধিকারিকেরা। শাহজাহানের বাড়ির বাইরে নোটিসও ঝুলিয়ে দেওয়া হয়েছিল। সেই অবস্থাতেই পড়ে আছে বাড়িটি। বাড়ির বাইরে রয়েছে সিসি ক্যামেরা। শাহজাহানের সেই বাড়ির সামনেই বৃহস্পতিবার হাজির হয় সিবিআই। আদালতের নির্দেশে তারা এখন সন্দেশখালিকাণ্ডের তদন্ত করছে। সিবিআই আধিকারিকেরা শাহজাহানের বাড়ির সামনে যান, আশপাশ ঘুরে দেখেন, বেশ কিছু ছবি তোলেন এলাকার। কয়েক মিনিট থেকে আবার তাঁরা ফিরে যান। সিবিআইয়ের সঙ্গে ছিল কেন্দ্রীয় বাহিনীও। শাহজাহানের বাড়ি থেকে বেরিয়ে সিবিআই যায় সন্দেশখালির শাহজাহান মার্কেটে। ওই বাজার এলাকায় শাহজাহানের অফিসও রয়েছে। সেখানে সিবিআই আধিকারিকেরা যান। বেশ কিছু ছবি তোলা হয় মার্কেটের।

বয়স ৮৫-র ঊর্ধ্বে হলেই বাড়ির দরজায় আসবে ভোটের বুথ নতুন ব্যবস্থা নির্বাচন কমিশনের

নিজস্ব প্রতিবেদন: যদি আপনার বয়স ৮৫ বছর হয়ে থাকে বা তার বেশি তাহলে এই বছর আপনাকে আর ভোট দিতে কোথাও যেতে হবে না। খোদ নির্বাচন কমিশন এবার আপনার বাড়ির দরজায় গিয়ে কড়া নাড়বে আপনার ভোট নেওয়ার জন্য। ভাবছেন মশকরা করছি? একেবারেই না। এতদিন পর্যন্ত কমিশনের নিয়ম ছিল আপনাকে নির্দিষ্ট একটা ফর্ম পূরণ করে আবেদন করতে হবে বা আপনার বাড়ির লোককে সেই ফর্ম পূরণ করে আবেদন করতে হতো কিন্তু এবার প্রথমবার যেখানে জাতীয় নির্বাচন কমিশন আপনার বাড়ির দরজায় গিয়ে কড়া নাড়বে আর ১২ডি ফর্ম আপনাকে দেবে। ভাবছেন এও সম্ভব? হ্যাঁ এটা সম্ভব। তার কারণ জাতীয় নির্বাচন কমিশন এবার যে নির্দেশ দিয়েছে সেটাতে অন্তত খুশি হবেন এই ৮৫ থেকে ৮৫ পেরিয়ে যাওয়া সমস্ত ভোটাররা। আপনার এলাকায় যে বুথ লেভেল অফিসার আছেন তিনি আপনার বাড়ি গিয়ে সংশ্লিষ্ট এই ফর্মটি শুধু দেওয়াই নয় একেবারে আপনাকে দিয়ে পূরণ করে নিয়ে এসে কমিশনে জমা দেবেন। তারপর সেই ফর্মটি রিটার্নিং অফিসার চেক করবেন এবং তার সম্মতি প্রকাশ করবেন। ব্যাস এইটুকুই মাত্র কাজ। তারপর তৈরি হয়ে যাবে ব্যালট পেপার। অর্থাৎ আপনার সংসদীয় এলাকায় যে কটি রাজনৈতিক দল লড়াই করবে সেই সমস্ত রাজনৈতিক দলের প্রার্থী তার ছবি তার প্রতীক চিহ্ন দিয়ে তৈরি হবে ব্যালট পেপার। তারপরে একটা বুথ আপনার বাড়িতেই হাজির হবে। ফার্স্ট পোলিং অফিসার থেকে শুরু করে প্রিসাইডিং অফিসার এবং চারজন কেন্দ্রীয় বাহিনী আপনার বাড়িতে আসবে আপনার মূল্যবান ভোটটা নিতে। এরপর পোস্টাল ব্যালটের মাধ্যমে আপনি আপনার ভোটাধিকার প্রয়োগ করবেন এবং খামবন্দি করে তা আপনার সামনেই সিল করে দেওয়া হবে। আপনার কাজ শেষ। ওই সিলবন্দি খাম খোলা হবে একেবারে গণনার দিন। যদিও ২০২১ সালে করোনা চলাকালীন কমিশন সিদ্ধান্ত নিয়েছিল যাদের বয়স হবে ৮০ তারাই এই ভোট প্রয়োগের অধিকারী হবেন। কিন্তু তাতে আপনাকেই আবেদন জানাতে হত আর এবার কমিশন নিয়মে একটু রদবদল করেছে। এবার আর ৮০ নয়। এবার ৮৫। তাই আপনাকে আর চিন্তা করতে হবে না লাইনে দাঁড়িয়ে ঝড়বৃষ্টির মধ্যে গিয়ে নিজের ভোটাধিকার প্রয়োগ করার জন্য। জাতীয় নির্বাচন কমিশন এবার এরকমই এক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে। যার ফলে এই রাজ্যে উপকৃত হবেন ৪ লক্ষ ৮৬ হাজারের মতো ভোটার। খুব স্বাভাবিকভাবেই কমিশন এখন থেকেই কিভাবে এই কাজকে নিখুঁতভাবে করবে তা নিয়ে প্রস্তুতি শুরু করে দিয়েছে। এখন দেখার, বিষয় আসন্ন লোকসভা নির্বাচনে রাজ্যের কতজন মানুষ যাদের বয়স ৮৫ বছর বা তার বেশি তাঁরা কতজন এই সুবিধা উপভোগ করবেন।

নন ফেয়ার রেভিনিউয়ে ৩৬.১৫ শতাংশ রাজস্ব বৃদ্ধি কলকাতা মেট্রোর

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: ভারতীয় রেলের রাজস্ব বৃদ্ধিতে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে মেট্রো রেল। রেল বোর্ডের নির্দেশিকা অনুসারে, মেট্রো রেল, ভারতীয় রেলের অন্যতম ক্ষুদ্র অংশ হওয়া সত্ত্বেও, পূর্ববর্তী বছরগুলিতে ভাড়া ব্যতীত রাজস্ব আয় বৃদ্ধির প্রচেষ্টায় উল্লেখযোগ্য ফলাফল দেখিয়েছে এই মেট্রো। ২০২৩-২৪ অর্থবর্ষের এই ঐতিহ্য অক্ষুন্ন রেখে কলকাতা মেট্রো রেলের সমস্ত জোনের মধ্যে সবার আগে রয়েছে কলকাতা মেট্রো।

উপার্জন বৃদ্ধির জন্য ভাড়া ব্যতীত রাজস্ব বৃদ্ধির জন্য মেট্রো রেল তার রাজস্ব বৃদ্ধির ক্ষেত্রে বিভিন্ন উদ্ভাবনী পদক্ষেপ গ্রহণ করেছে।

এই প্রচেষ্টার অঙ্গ হিসাবে মেট্রো রেল স্টেশনগুলিতে আবর্জনা ফেলার ব্র্যান্ডিংয়ের মাধ্যমে রাজস্ব সংগ্রহের ওপর গুরুত্ব দেওয়া। এরই পাশাপাশি মেট্রো রেকে বিজ্ঞাপন প্রদর্শনেরও ব্যবস্থা করা হয়েছে এবং বিভিন্ন স্টেশনে স্বাস্থ্য পরীক্ষা-নিরীক্ষা কিয়স্ক স্থাপন করছে। এর সঙ্গে রয়েছে হ্যান্ডেল চেন ব্র্যান্ডিংও। এছাড়াও মেট্রো রেল ট্র্যাক সাইডওয়াল ব্র্যান্ডিং, কার্ড ব্যালেন্স চেকিং টার্মিনাল (সিবিসিটি) ব্র্যান্ডিং, অটোমেটিক স্মার্ট কার্ড রিচার্জ মেশিন (এএসসিআরএম) ব্র্যান্ডিং, এএফসি-পিসি গেট এবং ফ্ল্যাপ ব্র্যান্ডিং, ফুড কিয়স্ক স্থাপন, স্মার্ট কার্ড এবং টোকেন ব্র্যান্ডিং-এর মতো নতুন নতুন পথ অসলম্বন করেছে। এই ধরণের উদ্যোগ মেট্রো রেলের নন-ফেয়ার রেভিনিউ-কে অনেকটাই বাড়িয়ে তুলেছে। কলকাতা মেট্রোর তরফ থেকে এই প্রসঙ্গে জানানো হয়েছে, এই লক্ষ্যে মেট্রো রেল দেড় কোটি টাকা আয়ও করেছে। ১ এপ্রিল, ২০২৩ থেকে ২৯ ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত নন-ফেয়ার রেভিনিউ (এনএফআর) হিসাবে ৪০.১২ কোটি টাকা পেয়েছে কলকাতা মেট্রো।

ইউনিয়ন ব্যাংকের উদ্যোগে 'এমপাওয়ার হার' কর্মসূচি

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: রাষ্ট্রায়ত্ত ব্যাংক ইউনিয়ন ব্যাংক অফ ইন্ডিয়া সারা দেশে মহিলাদের অর্থনৈতিক ও সামাজিক অবদানকে স্বীকৃতি দিতে এবং তাঁদের প্রয়াসকে সমর্থন জানিয়ে ইউনিয়ন ব্যাঙ্কের এমডি ও সিইও-র নির্দেশক্রমে 'এমপাওয়ার হার' নামে এক কর্মসূচির আয়োজন করে।

এই অনুষ্ঠানটি ইউনিয়ন ব্যাংকের অন্ডাল শাখায় অনুষ্ঠিত হয়। কলকাতা জোনাল হেড সুধাকর রাওয়ের নির্দেশে এই কর্মসূচির সূচনা করেন দুর্গাপুরের আঞ্চলিক প্রধান ভবেশ প্রকাশ। এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডেপুটি রিজিওনাল হেড অবিনাশ আগরওয়াল, অন্ডাল ব্রাঞ্চের ব্রাঞ্চ ম্যানেজার অঞ্জু কালুন্দিয়া সহ সংশ্লিষ্ট ব্রাঞ্চের অন্যান্য কর্মীরাও।

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে দুর্গাপুরের আঞ্চলিক কার্যালয় থেকে এক স্বাস্থ্য পরীক্ষা শিবিরের আয়োজনও করা হয়। অনুষ্ঠান শেষে অন্ডাল শাখার ব্রাঞ্চ ম্যানেজার অঞ্জু কালুন্দিয়া ধন্যবাদ জ্ঞাপন করেন।

পর্যবেক্ষক হিসেবে চিহ্নিত ২১ আইএএস-আইপিএস

নিজস্ব প্রতিবেদন: নির্বাচন কমিশন এরাজ্য থেকে বাইরের রাজ্যে পর্যবেক্ষক হিসেবে পাঠানোর জন্য মোট ২১ জন আইপিএস ও আইএএস আধিকারিককে চিহ্নিত করেছে। এর মধ্যে থাকছেন ১২জন বরিষ্ঠ আইএএস ও ৯ জন আইপিএস আধিকারিক। এই ২১ জন আধিকারিককে আসন্ন লোকসভা নির্বাচনে পর্যবেক্ষক হিসেবে ভিন রাজ্যে পাঠানো হবে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে। অর্থাৎ, অন্যান্য রাজ্য থেকে যেমন আইএএস আইপিএস অফিসাররা এইরাজ্যে আসছেন তেমনই এরাজ্যের ২১ জন আইএএস আইপিএসকে চিহ্নিত করা হয়েছে যাদের বাইরের রাজ্যে পাঠানো হবে পর্যবেক্ষক হিসেবে। আগামী সোমবার ওই ২১ জন আধিকারিকের জন্য বিশেষ প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হচ্ছে কমিশনের তরফে। রাজ্য নির্বাচন দপ্তরে আয়োজিত ওই কর্মসূচিতে ভিডিও কনফারেন্সের মাধ্যমে নির্বাচন কমিশনের শীর্ষ কর্তারাও দিল্লি থেকে ওই প্রশিক্ষণ কর্মসূচিতে সামিল হবেন বলে জানা গিয়েছে। সোমবার সকাল ১১টা থেকে শুরু হবে এই বিশেষ প্রশিক্ষণ।

বেনারস ও রক্সৌলের জন্য পূর্ব রেলের হোলি স্পেশাল ট্রেন

নিজস্ব প্রতিবেদন, হাওড়া: হোলির জন্য হাওড়া- রক্সৌল, হাওড়া- বেনারস স্পেশাল ট্রেন ঘোষণা করল পূর্ব রেল।

এই সময়ে ওই জায়গাগুলিতে যাত্রীদের বাড়তি চাপের জন্যই এই দুটি স্পেশাল ট্রেন চালু করার সিদ্ধান্ত পূর্ব রেল নিল। এতে যাত্রীদের যাত্রার সুবিধা ও স্বাচ্ছন্দ্য বজায় থাকবে বলেই পূর্ব রেলের পক্ষ থেকে জানানো হয়েছে।

উত্তর ভারতের মতোই গোটা দেশে হোলি উৎসবের আগে আত্মীয় পরিজনরা নিজের বাসস্থানে ফিরে আসে। তাই নিজেদের গন্তব্যে পৌঁছতে ট্রেনের টিকিটের দীর্ঘ চাহিদা, অপেক্ষাকরতে হয় যাত্রীদের।

এবার যাত্রীদের সুবিধার্থে এই দুটি স্পেশাল ট্রেন সহায়ক হবে বলেই মনে করছে পূর্ব রেল।

হাওড়া - রক্সৌল এবং হাওড়া - বেনারস স্পেশাল ট্রেন অতিরিক্ত যাত্রীদের চাপ অনেকটাই কমিয়ে দেবে বলেই জানাচ্ছে পূর্ব রেল।

০৩০৪৩ হাওড়া , রক্সৌল হোলি স্পেশাল হাওড়া থেকে ২৩ মার্চ শুক্রবার রাত ১১ টার সময়ে ছাড়বে। ট্রেনটি ২৪ মার্চ শনিবার দুপুর ২ টা ১৫ মিনিটে রক্সৌল পৌঁছবে।

০৩০৪৪ রক্সৌল , হাওড়া হোলি স্পেশাল রক্সৌল থেকে ২৩ মার্চ শনিবার বিকেল ৪ টা ৫৫ মিনিটে ছাড়বে। ট্রেনটি ২৪ মার্চ সকাল ৮ টা ৩০ মিনিটে রবিবার হাওড়া পৌঁছবে।

ট্রেনটি যাত্রাপথে ব্যান্ডেল , বর্ধমান , খানা , দুর্গাপুর , আসানসোল , চিত্তরঞ্জন , মধুপুর এবং জেসিডি স্টেশনে দাঁড়াবে।

০২৩৭১ হাওড়া , বেনারস হোলি স্পেশাল ২৩ মার্চ শনিবার সকাল ৮ টা ১৫ মিনিটে ছাড়বে। ট্রেনটি ওই দিন রাত ১০ টা ৪৫মিনিটে বেনারস পৌঁছবে।

০২৩৭২ বেনারস , হাওড়া হোলি স্পেশাল বেনারস থেকে ২৩ মার্চ শনিবার রাত ১১ টা ০৫মিনিটে ছাড়বে। ট্রেনটি হাওড়া পৌঁছবে ২৪ মার্চ রবিবার দুপুর ১২ টা ২০ মিনিটে।

ট্রেনটি যাত্রাপথে বর্ধমান, খানা , দুর্গাপুর , আসানসোল , চিত্তরঞ্জন , মধুপুর এবং জেসিডি স্টেশনে দাঁড়াবে। দুটি রুটের ট্রেনে জেনারেল ক্লাস, স্লিপার ক্লাস এবং বাতানকুল কামরা থাকবে। টিকিট বুকিংয়ের তারিখ শীঘ্রই জানিয়ে দেওয়া হবে বলেই পূর্ব রেল জানিয়েছে।

শিবরাত্রি মেলা উপলক্ষে পূর্ব রেলের স্পেশাল ট্রেন

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: তারকেশ্বরে শিবরাত্রি মেলায় লক্ষ লক্ষ পুণ্যার্থীদের সমাবেশ হয়। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে মানুষজন তারকেশ্বর যান ।তাই এই বিশেষ দিনে পূর্ব রেল স্পেশাল ও অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। যাতে ভক্তরা সহজে তাঁদের গন্তব্যে পৌঁছতে পারে। এই উপলক্ষে এক জোড়া স্পেশাল ইএমইউ ট্রেন হাওড়া-তারকেশ্বরের মধ্যে চালানো হবে।

একদিন আমার শহর

কলকাতা ৮ মার্চ ২০২৪ ২৪ ফাল্গুন ১৪৩০ শুক্রবার

স্ত্রীকে শ্বাসরোধ করে খুন! ১০০ ডায়াল করে পুলিশে ফোন স্বামীর

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: স্ত্রীকে খুন করে ১০০ -তে ফোন। নিজেই খুনের কথা স্বীকার করলেন স্বামী। বৃহস্পতিবার সকালে বেহালার বাড়িতে পুলিশ এসে দেখল মৃতদেহের পাশে বসে রয়েছেন অভিযুক্ত স্বামী।

ঘটনাটি বেহালার রাজা রামমোহন রায় রোডের সুকান্তপল্লির ঘটনা। মৃতার নাম কৃষ্ণা দাস। অভিযুক্ত স্বামী কার্তিক দাস। পেশায় মুরগী ব্যবসায়ী। দম্পতি সুকান্ত পল্লিতে বাড়ি ভাড়া নিয়ে থাকতেন। কৃষ্ণা এবং কার্তিকের পাঁচ বছরের এক কন্যা ও ১২ বছরের এক পুত্র সন্তান রয়েছে। এদিকে স্থানীয় সূত্রে খবর, স্বামী-স্ত্রীর মধ্যে নিত্যদিন ঝুটঝামেলা লেগেই থাকত। সঙ্গে এও জানা যাচ্ছে, মহিলার বিবাহ বহির্ভূত সম্পর্ক ছিল। সেই কারণেই স্বামী-স্ত্রীর মধ্যে নাকি রোজ-রোজ অশান্তি হচ্ছিল। তবে তার জেরে এত বড় কাণ্ড ঘটবে কেউ বুঝতে পারেনি।

এই কারণেই স্থানীয় বাসিন্দাদের অনুমান, মহিলার যে পরকীয়া সম্পর্ক রয়েছে তা জেনে যান কার্তিক। এরপরই বুধবার রাত্রিবেলা শ্বাসরোধ করে নিজের স্ত্রীকে খুন করেন ওই ব্যক্তি। তারপর ১০০ ডায়াল করে নিজেই পুলিশকে খবর দেন। পুলিশ এসে অভিযুক্তকে গ্রেফতার করে। বৃহস্পতিবার ঘটনার তদন্তে নামে কলকাতা পুলিশের হোমিসাইড বিভাগ। ঘটনা টিক কি তা খতিয়ে দেখতে বৃহস্পতিবার ঘটনাস্থলও পরিদর্শন করেন কলকাতা পুলিশের গোয়েন্দা দফতরের আধিকারিকেরা। পুলিশের সন্দেহ, দুই সন্তানের সামনেই স্ত্রীকে শ্বাসরোধ করে খুন করেন স্বামী। তবে সঙ্গে সঙ্গেই তিনি পুলিশকে খবর দেননি। বৃহস্পতিবার কার্তিকের ফোন পাওয়ার পর পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তাঁর দুই সন্তানকে ওই বাড়িতে দেখতে পায়নি।পুলিশ সূত্রে খবর, রাত ১টা নাগাদ ওই ঘটনার ঘটার অনেক পরে পুলিশকে খবর দেন কার্তিক। পুলিশ আসার সময়েও তিনি বসেছিলেন স্ত্রীর পাশেই। তবে মাঝের সময়টিকে তিনি কিছু কাজ করেছেন। প্রথমেই দুই পুত্র এবং কন্যাকে বাড়ি থেকে সরিয়ে নিয়ে গিয়েছেন অন্যত্র।

১০ কোটির আইফোন চুরির ঘটনায় তদন্তভার গেল সিআইডির হাতে

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: ১০ কোটি টাকার আইফোন চুরি যাওয়ার ঘটনায় রাজ্য পুলিশের ওপর আর ভরসা রাখতে পারল না কলকাতা হাইকোর্ট। এবার তদন্তের ভার তুলে দেওয়া হল রাজ্য গোয়েন্দা দপ্তর সিআইডির হাতে।

প্রসঙ্গত, গত ২৮ সেপ্টেম্বর চেন্নাই থেকে পশ্চিমবঙ্গে একটি ট্রাকে করে ১৫০০টি আইফোন আসার পথে বাংলার সীমানায় প্রবেশ করতেই চলন্ত ট্রাক থেকে কিছুটা ফিল্মি কায়দাতে উধাও হয়ে যায় ওই সমস্ত আইফোন। জানা যায় উধাও হয়ে যাওয়া আইফোনের বাজার দর প্রায় ১০ কোটি টাকা। এই ঘটনায় এর আগে জেলা পুলিশ সুপারের তত্ত্বাবধানে এই গোটা ঘটনার তদন্ত করার নির্দেশ দিয়েছিল কলকাতা হাইকোর্ট। সূত্রের খবর, যে পরিবহণ সংস্থার ট্রাক ব্যবহার করা হয়েছিল এই আইফোন এক রাজ্য থেকে অন্য রাজ্যে বহন করে নিয়ে যাওয়ার জন্য সেই ট্রাকটিতে তার গতিপ্রকৃতি জানার জন্য একটি অত্যাধুনিক জিপিএস সিস্টেম ব্যবহার করা হত। যার ফলে কোনও নির্দিষ্ট জায়গায় যদি ট্রাকটি পাঁচ মিনিটের জন্য থামে সেক্ষেত্রে বার্তা পাঠানো হত পরিবহণ সংস্থার অফিসে। এরপরেই সংস্থার মূল কার্যালয় থেকে পদক্ষেপ করা হত।

ট্রাকটি প্রসঙ্গে সংস্থার তরফ থেকে এও জানানো হয়, ২৮ সেপ্টেম্বর ভোরে তা পশ্চিম মেদিনীপুরের নয়া বাজার এলাকার একটি পেট্রল পাম্পে পাঁচ মিনিট ধরে পার্ক করা ছিল। এরপর

চালকের সঙ্গে যোগাযোগ করা হয়। কিন্তু, তিনি ফোন তোলেননি। প্রায় ৪৫ মিনিট পর ডেবরা থানায় খবর দেওয়া হয়। পুলিশ গিয়ে দেখে আইফোন চুরি হয়ে গিয়েছে। এদিকে ওই ট্রাকের চালক এবং হেল্পার কেউই ছিলেন না গাড়িতে। এরপরেই ঘটনাটির তদন্তে নামে পুলিশ। অভিযোগ, এই ঘটনায় ১০ অক্টোবর এফআইআর নথিভুক্ত করা হয়। এখনও পর্যন্ত কাউকে গ্রেপ্তার করতে পারা যায়নি। দীর্ঘদিন অতিবাহিত হওয়ায় এই আইফোন চুরির ঘটনায় পুলিশ সঠিকভাবে তদন্ত করছে না, এমনই অভিযোগ তুলে কলকাতা হাইকোর্টের শরনাপন্ন হয় সংশ্লিষ্ট পরিবহণ সংস্থা। গত বৃহস্পতিবার তাঁর আইনজীবীর বক্তব্য ছিল, এই কোম্পানিতে দেশজুড়ে পরিবহণ পরিষেবা দিয়ে থাকে। আর এই ক্ষেত্রে তাদের যথেষ্ট সুনামও রয়েছে। কিন্তু, এই কোটি কোটি টাকার আইফোন চুরির ঘটনায় সংশ্লিষ্ট সংস্থার ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হয়েছে। এরপরই বৃহস্পতিবার রাজ্য পুলিশের হাতে থেকে তদন্তভার তুলে দেওয়া হয় সিআইডির হাতে। আদালত সূত্রে খবর, মামলাটির পরবর্তী শুনানি বৃহস্পতিবার।

রেশন দুর্নীতিতে ৬টি মামলার তদন্ত আপাতত স্থগিতের নির্দেশ হাইকোর্টের

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: রেশন দুর্নীতির ছ'টি মামলার তদন্ত আপাতত স্থগিত রাখার নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। বৃহস্পতিবার এই নির্দেশ দেয় বিচারপতি জয় সেনগুপ্তের বেঞ্চ। আগামী ২২ এপ্রিল পর্যন্ত এই স্থগিতাদেশ বজায় থাকবে। এই সময়ের মধ্যে রাজ্য পুলিশ আপাতত কোনও পদক্ষেপ করতে পারবে না ওই মামলায়। ২০১৬ থেকে ২০২২ সাল পর্যন্ত যে এফআইআরগুলি হয়েছিল, তার তদন্তে স্থগিতাদেশ দেওয়া হয়।

প্রসঙ্গত, নিয়োগ দুর্নীতি মামলায় ধরপাকড় শুরু হওয়ার পর প্রকাশ্যে আসে রেশন দুর্নীতি। গ্রেপ্তার হন রাজ্যের প্রাক্তন খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক সহ বেশ কয়েকজন। এই রেশন দুর্নীতির তদন্তের সূত্র ধরেই শেখ শাহজাহানের বাড়িতে তল্লাশি চালাতে যায় ইডি। সেই মামলায় পুলিশের তদন্তে এবার অন্তর্বর্তী স্থাগতাদেশ দিলেন বিচারপতি জয় সেনগুপ্ত।

রেশন দুর্নীতি মামলায় হলফনামা দেওয়ার জন্য আদালতে ১৫ দিন সময় চেয়েছে রাজ্য। রাজ্যকে কেন সময় দেওয়া হল, তা নিয়ে আপত্তি জানানো হয় ইডির তরফ থেকে। সেই আপত্তির জবাবে বিচারপতি জয় সেনগুপ্তর যুক্তি ছিল, প্রধান বিচারপতি ইডি অফিসারদের হামলার ঘটনায় সিবিআই তদন্তের নির্দেশ দেন। আর ওই হামলার মূলেই রয়েছে রেশন দুর্নীতির মামলার তদন্ত। কিন্তু রাজ্য তার বক্তব্য যেহেতু হলফনামা দিয়ে জানাতে চায়, তাই তাদের সুযোগ দেওয়া হচ্ছে। এই সময়ের মধ্যে তারা এই সংক্রান্ত কোনও মামলার তদন্ত করতে পারবে না, এমনটাই নিশ্চিত করেছে আদালত। হলফনামা দিলে শুনানি করে নির্দেশ দেওয়া হবে। এদিকে আদালত সূত্রে খবর, আগামী ৮ এপ্রিল এই মামলার পরবর্তী শুনানি রয়েছে।

১০ মার্চ 'জন গর্জন' সভা। তার আগে প্রস্তুতি খতিয়ে দেখছেন তৃণমূলের 'সেকেন্ড ইন কম্যান্ড' তথা সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়।

স্মরণানন্দ মহারাজকে দেখতে গেলেন মমতা

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: গত কয়েকদিন ধরে অসুস্থ রামকৃষ্ণ মঠ ও মিশনের প্রেসিডেন্ট অসুস্থ স্বামী স্মরণানন্দ মহারাজ। তাঁকে দেখতে বৃহস্পতিবার সন্ধেয় দক্ষিণ কলকাতার রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠানে গেলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কয়েক দিন ধরে সেখানেই চিকিৎসাধীন রয়েছেন তিনি। স্মরণানন্দ মহারাজের স্বাস্থ্য সম্পর্কে খোঁজখবর নিয়ে মুখ্যমন্ত্রী জানান, তিনি মঠ এবং মিশনের প্রেসিডেন্ট স্বামী স্মরণানন্দজি মহারাজের শারীরিক অবস্থার খোঁজ নিতে এসেছিলেন। তিনি মহারাজের সুস্থতা এবং দ্রুত আরোগ্য কামনা করেছেন. জানা গিয়েছে, দিন ছয়েক আগে আচমকাই অসুস্থ হয়ে পড়েন স্মরণানন্দ মহারাজ। তড়িঘড়ি তাঁকে হাসপাতালে ভর্তি করানো হয়। কিন্তু রবিবার তাঁর শারীরিক অবস্থার অবনতি ঘটে। মেডিক্যাল বোর্ড গঠন করে ৯২ বছর বয়সি মহারাজের চিকিৎসা চলছে। মঠ সূত্রে খবর, বয়সজনিত সমস্যায় ভুগছেন মহারাজ। হাসপাতাল সূত্রে খবর, তাঁর বয়সের কথা মাথায় রেখে স্নায়ু এবং অন্যান্য বিভাগের চিকিৎসকেরাও তাঁকে দেখছেন বলে জানা গিয়েছে হাসপাতাল সূত্রে।

ব্রিগেডে জনসভার আগে হাতাহাতি তৃণমূলের দুই কাউন্সিলরের অনুগামীদের

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: ১০ মার্চ ব্রিগেডে তৃণমূলের জনগর্জন সভা। আর এই সভার জন্যই গীতাঞ্জলি স্টেডিয়ামে কর্মীদের থাকার ব্যবস্থাও করা হয়েছে। সেখানেই দুই কাউন্সিলরের অনুগামীদের মধ্যে ঝামেলা বাধে বলে অভিযোগ। এই ঝামেলা বড় আকার নেয়। কাউন্সিলরের অনুগামীদের মধ্যে মারামারি, চুলের মুঠি ধরে মার, রাস্তায় ঠেলে ফেলার মতো আরও অনেক কিছুই হয়। পথ অবরোধে বসেন শাসকদলের কর্মী সমর্থকরা। জনগর্জন সভার আগে এদিন গীতাঞ্জলিতে তৃণমূলের অন্দরের এই ছবি স্বাভাবিকভাবেই দলের অস্বস্তি বাড়িয়েছে।

স্থানীয় সূত্রে খবর, গীতাঞ্জলি স্টেডিয়ামে তৃণমূল কংগ্রেসের দুই গোষ্ঠীর মধ্যে চূড়ান্ত বিশৃঙ্খলা হয় বুধবার রাতে। দুই কাউন্সিলর লিপিকা মান্না ও সুশান্ত ঘোষের মধ্যে ঝামেলার ফসলই অনুগামীদের হাতাহাতিও হয় বলে অভিযোগ। এই প্রসঙ্গে লিপিকা মান্না জানান, 'আমি এই ওয়ার্ডের কাউন্সিলর, আমাকেই ঢুকতে দিচ্ছে না। আমার ছেলে মেয়েদের মারছে। আমার শাড়ি ছিঁড়ে দিয়েছে।' এরপরই লিপিকা মান্না এসে থানার সামনে বসে পড়েন। তিনি বলেন, 'অনেক অভিযোগ করেছি। পুলিশ কিছুই ব্যবস্থা নেয় না।' অন্য দিকে সুশান্ত ঘোষ বলেন, 'আমি ৮ বছর ধরে এখানে এটা সামলাই। দলের কারও মদতে ইচ্ছে করে গোলমাল হচ্ছে। জানি না কেন করছে।' এদিকে গীতাঞ্জলি স্টেডিয়াম থেকে বেরিয়ে লিপিকা মান্নার নেতৃত্বে দলীয় কর্মীরা এসে হাজির হন কসবা থানার সামনে।

সন্দেশখালিতে খুনের ঘটনায় অভিযুক্ত এখন সিবিআই হেপাজতে, মনে করালেন বিচারপতি

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: সন্দেশখালিতে খুনের অভিযোগে প্রথমে নাম থাকলেও, কোনও এক অজ্ঞাত কারণে চার্জশিটে নাম বাদ দেওয়া হয়েছিল শেখ শাহজাহানের। বৃহস্পতিবার সেই মামলারই শুনানি ছিল কলকাতা হাইকোর্টের বিচারপতি জয় সেনগুপ্তের বেঞ্চে। কেন নাম বাদ, মামলায় বিচারপতি সেনগুপ্ত রাজ্যকে হলফনামা জমা দেওয়ার নির্দেশ দিলেন। তবে এই হলফনামা জমা দেওয়ার জন্য সময় চাওয়া হয়েছে রাজ্যের তরফ থেকে। সন্দেশখালিতে শেখ শাহজাহানের বিরুদ্ধে তিনটি খুনের অভিযোগ রয়েছে।

বিচারপতি এদিন এও নির্দেশ দেন, খুনের অভিযোগের মামলায় নিম্ন আদালতের সমস্ত বিচার আপাতত স্থগিত থাকবে। এদিকে আদালত সূত্রে খবর, আগামী ১৯ মার্চ পরবর্তী শুনানি। আগামী শুনানিতে এই সংক্রান্ত সব মামলার কেস ডায়েরি পুলিশকে হাজির করতে হবে আদালতে, নির্দেশ বিচারপতি জয় সেনগুপ্তের। এরই পাশাপাশি বৃহস্পতিবার বিচারপতি কটাক্ষের সুরে জানান, যার নাম চার্জশিট থেকে বাদ দেওয়ার অভিযোগ, তিনিই তো এখন সিবিআই গারদে। সব পক্ষের হলফনামা শোনার পর অর্ডার দেব।

আদালত সূত্রে খবর, এদিনের শুনানিতে, মৃতদের পরিবারের পক্ষের আইনজীবী মামলার বিষয় উল্লেখ করেন। তাতে শেখ শাহজাহানের নাম উঠে আসে। মামলাকারী আইনজীবী আদালতে সওয়াল করতে গিয়ে জানান, তিনটি খুনের অভিযোগে এফআইআর-এ প্রথমে নাম থাকলেও, শাহজাহানের নাম অজানা কারণেই বাদ দিয়ে দেওয়া হয়েছে। শুনানির সময়, শাহজাহান নামটা শুনতেই বিচারপতি জয় সেনগুপ্ত বলেন, 'এখন আর চিন্তা নেই। সিবিআই হেফাজতেই তো আছেন এই মামলার অভিযুক্ত।'

প্রসঙ্গত, এই মামলা ২০১৯ সালের। পদ্মা মণ্ডল নামে সন্দেশখালির এক মহিলা অভিযোগ করেন, তাঁর স্বামী প্রদীপ মণ্ডলকে খুন করেছিল শেখ শাহজাহানের দল। ২০১৯ সালের লোকসভা নির্বাচনে হাটগাছি অঞ্চলের ৫৬ নম্বর বুথে বিজেপি জয়ী হয়। এরপরই ভোটগণনার এক সপ্তাহের মধ্যেই তাঁর বাড়িতে শাহজাহানের লেঠেল বাহিনী হামলা চালায় বলে অভিযোগ। বাড়ি থেকে তুলে নিয়ে গিয়ে প্রদীপের চোখের মণিতে গুলি করা হয়েছিল বলে অভিযোগ জানানো হয় মৃতের পরিবারের তরফ থেকে। একইসঙ্গে প্রদীপকে তলোয়ার ও ভোজালি দিয়ে কুপিয়ে নৃশংসভাবে খুন করা হয় বলে অভিযোগ করেন তাঁর স্ত্রী। এরপর থেকে দীর্ঘদিন তিনি তাঁর সন্তানকে নিয়ে ভয়ে বাড়ি ছাড়া ছিলেন। আর এই মামলায় এফআইআর দায়েরও করেছিলেন। তাতে প্রথমেই নাম ছিল শেখ শাহজাহানের। এদিকে অভিযোগ, এফআইআর-এর প্রথমে নাম থাকলেই শাহজাহানের নাম বাদ দিয়ে দেওয়া হয়। ওই বছরই সন্দেশখালির হাটগাছি অঞ্চলের আরও দু'জনকে বাড়ি থেকে তুলে নিয়ে গিয়ে খুন করা হয় বলে অভিযোগ। পরে নদীর ধার থেকে এক জনের হাড়গোড় উদ্ধার হয়। ডিএনএ টেস্ট করে দেখা যায় নিখোঁজ ব্যক্তিরই কঙ্কাল সেগুলো।

তাপসের ইস্তফা গৃহীত

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: অবশেষে গৃহীত তাপস রায়ের ইস্তফাপত্র। বৃহস্পতিবার দুপুরে বিধানসভার স্পিকারের কাছে ফের ইস্তফাপত্র জমা দেন বিজেপি নেতা (প্রাক্তন তৃণমূল বিধায়ক) তাপস রায়। স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায় তা গ্রহণ করেছেন। এদিন বিধানসভা থেকে বেরিয়ে নতুন রাজনৈতিক অধ্যায়ের জন্য শুভেচ্ছা প্রার্থনা করেন তিনি। সেই সঙ্গে বিমান বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে তাঁর দীর্ঘদিনের সম্পর্কের কথাও উল্লেখ করেন।

দিন কয়েক আগেই দলের বিরুদ্ধে একরাশ ক্ষোভ উগরে দিয়েছিলেন প্রাক্তন তৃণমূল বিধায়ক তাপস রায়। দলের পাশাপাশি বিধায়ক পদ ত্যাগের সিদ্ধান্তের কথাও জানিয়েছিলেন। সেই মতো বুধবার বিধানসভায় গিয়ে ইস্তফাপত্র জমা দিয়েছিলেন তিনি। পরবর্তীতে জানা যায়, পদ্ধতিগত ত্রুটির কারণে তা গৃহীত হয়নি। ফের পদত্যাগ পত্র জমা দেওয়ার কথা বলা হয়। সেই মতো বৃহস্পতিবার নির্ধারিত সময়ে বিধানসভায় পৌঁছন তাপস রায়। এদিন তাঁর ইস্তফাপত্র গ্রহণ করেন স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়।

স্কুলের পরীক্ষার প্রশ্নেও কড়া পদক্ষেপ মধ্যশিক্ষা পর্ষদের

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: স্কুলে পরীক্ষার প্রশ্ন নিয়ে এবার কড়া পদক্ষেপ রাজ্যের মধ্যশিক্ষা পর্ষদের। পরীক্ষায় আর কোনও বিতর্কিত ইস্যুতে প্রশ্ন করা যাবে না বলে কড়া নির্দেশ দেওয়া হল মধ্যশিক্ষা পর্ষদের তরফ থেকে। সঙ্গে এও জানানো হল, এমন কোনও প্রশ্নে করা যাবে না যাতে পর্ষদ ও সরকারের ভাবমূর্তি নষ্ট হয়। আর সেই কারণেই স্কুলের পরীক্ষায় এই ধরনের প্রশ্ন থেকে বিরত থাকতে হবে বলে নির্দেশ গেল রাজ্য জুড়ে মধ্যশিক্ষা পর্ষদ অনুমোদিত স্কুলে।

সম্প্রতি টেস্ট পরীক্ষায় এক স্কুলের তরফে 'আজাদ কাশ্মীর' নিয়ে প্রশ্ন করায় বিতর্ক হয়। এই প্রথম নয় বাবরবার স্কুলের বার্ষিক পরীক্ষায় বইয়ের বাইরে থেকে প্রশ্ন এসেছে বলেও অভিভাবকেরা অভিযোগ জানিয়াছেন। বহু স্কুলে এই কারণে ভাঙচুরও করা হয়েছে। তার জেরেই এবার পর্ষদ স্কুলগুলোকে প্রশ্ন করা নিয়ে সতর্ক করে এই নির্দেশ বলে মনে করছে শিক্ষামহল।

আদালতে স্বস্তি প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরীর

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: আদালতে স্বস্তি প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরীর। তাঁর বিরুদ্ধে যে এফআইআর দায়ের করা হয়েছিল তাতে রক্ষাকবচ দিল কলকাতা হাইকোর্ট। সঙ্গে নির্দেশ দেওয়া হয়েছে, অধীরের বিরুদ্ধে কোনওরকম পদক্ষেপ করতে পারবে না পুলিশ। শুধু তাই নয়, হাইকোর্টের অনুমতি ছাড়া ফাইনাল রিপোর্টও দিতে পারবে না পুলিশ। এমনকী আদালতের তরফ থেকে এদিন এ নির্দেশও দেওয়া হয়েছে যে, অধীরের সঙ্গে কথা বলতে হলে ৪৮ ঘণ্টা আগে তাঁকে জানিয়ে ভিডিয়ো কনফারেন্সের মাধ্যমে কথা বলতে হবে পুলিশকে। কলকাতা হাইকোর্ট সূত্রে খবর, বৃহস্পতিবার এমনই সব নির্দেশ দেয় বিচারপতি জয় সেনগুপ্তের নির্দেশ।

প্রসঙ্গত, কংগ্রেস নেতা রাহুল গান্ধি

কিছুদিন আগেই 'ভারত জোড়ো ন্যায় যাত্রা' উপলক্ষে বাংলায় এসেছিলেন। সেই সময় রাহুল গান্ধির কনভয়ের একটি গাড়ির কাচ ভেঙে দেওয়া হয় বলে অভিযোগ ওঠে। সেই সফরে ছিলেন সাংসদ অধীর চৌধুরীও। পুলিশের অভিযোগ, সেখানে তিনি উত্তেজক বক্তব্য রাখেন আর তাতে কংগ্রেস সমর্থকরা উত্তেজিত হয়ে পড়েন। এই ঘটনাতেই অধীরকে জিজ্ঞাসাবাদের জন্য ৪১ এ ধারায় নোটিস পাঠানো হয়েছিল। ওইদিন ঠিক কী ঘটেছিল কেনই বা জনতা উত্তেজিত হয়ে উঠেছিল, তা জানতে অধীরকে জিজ্ঞাসাবাদ করা হয় বলে সূত্রের খবর। সেই এফআই আর খারিজের আর্জি জানিয়ে হাইকোর্টে যান অধীর। এদিকে অধীরের আইনজীবীর বৃহস্পতিবার শুনানির সময় আদালতে দাবি করেন, এই ধরনের কাচ ভাঙার ঘটনা এ রাজ্যের বাইরেও হয়। পুলিশ মিথ্যে অভিযোগ দায়ের করে তাঁকে হেনস্থা করতে চাইছেন। এদিকে, রাজ্যের দাবি, অধীর যে উস্কানি দিয়েছেন তাতে ফৌজদারি মামলার ধারা যুক্ত করার যথেষ্ট সুযোগ রয়েছে। এদিনের এই শুনানির পর সব পক্ষকে তাদের বক্তব্য হলফনামা আকারে জমা দেওয়ার নির্দেশ দেয় হাইকোর্ট। কলকাতা হাইকোর্ট সূত্রে খবর, আগামী ৫ এপ্রিল মামলার পরবর্তী শুনানি।

তৃণমূলের 'ওয়ার টিম'

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: ভোট ময়দানে অন্য রাজনৈতিক দল বিশেষত বিজেপির মোকাবিলায় 'ওয়ার টিম' তৈরি করছে তৃণমূল । যার মূল কাজ, বিজেপির কটাক্ষ, আক্রমণের পত্রপাঠ জবাব দেওয়া সোশাল মিডিয়ায় । কুৎসা, অপমানের তৎক্ষণাৎ মোকাবিলায় মুখের উপর জবাব দেওয়ার জন্য তৈরি হচ্ছে বিশেষ টিম। মুখপাত্ররা ছাড়াও এই টিমে সাংসদ, বিধায়ক, কাউন্সিলার-সহ থাকবেন মোট ৪০ জন। তার ব্লুপ্রিন্ট তৈরি হচ্ছে বলে সূত্রের খবর।

ভোটযুদ্ধে বর্তমানে ডিজিটাল মিডিয়ায় জনসংযোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ হাতিয়ার হয়ে উঠেছে। আর সেই ক্ষেত্রে বিরোধীদের মোকাবিলায় নতুন শক্তি নিয়ে ঝাঁপাচ্ছে বাংলার শাসকদল তৃণমূল। আগেই জেলা সংগঠনের সঙ্গে আলাদা বৈঠক চলাকালীন এই টিম তৈরির নির্দেশ দিয়েছিলেন দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় । বিশেষ করে বিজেপির আইটি সেলকে পালটা বাক্যবাণে কুপোকাত করতে এই উদ্যোগ। ঠিক হয়েছে, ৪০ জনের টিমে থাকবেন তৃণমূলের মুখপাত্র, সাংসদ, বিধায়ক, কাউন্সিলররা। প্রত্যেকের দায়িত্ব, বিরোধী রাজনৈতিক দলের সোশাল মিডিয়ায় চোখ রেখে দ্রুত পালটা জবাবের প্রস্তুতি রাখা।

শিব ব্রতীদের পুজোর উপকরণ প্রদান

নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর: কথিত আছে, ফাল্গুন মাসের চতুর্দশী তিথিতে শিব-পার্বতীর বিবাহ সম্পন্ন হয়েছিল। তাই এই তিথি মহাশিবরাত্রি হিসেবে পালিত। ভক্তদের বিশ্বাস, নিয়মনীতি মেনে শিব পুজো করলে শিবের কৃপায় সমস্ত দুঃখ-দুর্দশা থেকে মুক্তি পাওয়া যায়। মহাশিবরাত্রি উপলক্ষে বৃহস্পতিবার হালিশহর পুরসভার ৪,৬,১২ ও ১৩ নম্বর ওয়ার্ডের অসহায় ব্রতীদের হাতে পাঁচ রকমের ফল ও মোমবাতি তুলে দিলেন প্রাক্তন উপ-পুরপ্রধান রাজা দত্ত। এদিন ২০০ জন মহিলার হাতে ফল তুলে দেওয়া হয়। হালিশহারের প্রাক্তন উপ-পুরপ্রধান রাজা দত্ত বলেন, 'সাংসদ অর্জুন সিং সারা বছর মানুষের সেবা করেন। তাঁর নির্দেশ মেনেই তাঁরাও মানুষজনের পাশে দাঁড়াতে বদ্ধপরিকর। এদিন পুর অঞ্চলের ২০০ জন মহিলার হাতে পাঁচ রকমের ফল তুলে দেওয়া হয়।'

সম্পাদকীয়

‘... আমার দুর্গা বাঁচতে শিখেছে নিজেই নিজের শর্তে’

রবীন্দ্রালোকে সৃষ্ট প্রতিবাদিনী মৃণাল যখন বলে ‘... তোমরা জানোনি। আমি লুকিয়ে কবিতা লিখতুম। সে ছাইপাশ যাই হোক না, সেখানে তোমাদের অন্দরমহলের পাঁচিল ওঠেনি, সেইখানে আমার মুক্তি, সেইখানে আমি আমি’ তখন বোধহয় আধুনিক নারীর অন্তরের একান্ত আকূতিই ধ্বনিত হয়। বর্তমানে অনেকেরই ‘আধুনিকতা’ আবরণেই, আলোর প্রতি পরাঙ্মুখ কূপমন্ডক অন্তরলোক প্রাণিত হয় না আত্মপ্রতিষ্ঠার কঠিন সংগ্রামে ব্রতী হতে। তবে নারী যে কেবল এক সম্পত্তি বা উপভোগের সামগ্রী নয়, এ ভাবনাও আজ দিকে দিকে ছড়িয়ে পড়েছে। নারীরও নিজস্ব সত্তা আছে, আছে নিজস্ব মন ও মনন এবং জগত-বিষয়ে ক্রমে সচেতনা জাগছে অন্তত একাংশের মাঝে। আধুনিক নারীর কাছে স্বাধীনতার সাথে সাথে দায়িত্বের সমভার গ্রহণও এক চ্যালেঞ্জ যেমন স্বাধীনতা ও স্বেচ্ছাচারিতার মধ্যবর্তী অদৃশ্য সীমারেখার অনতিক্রম্যতা বজায় রাখাও। এও অবশ্য সত্য যে ভিন্ন ভাবনার ও ব্যতিক্রমীদের জীবন ও যাপন কণ্টকমুক্ত নয়, স্বপ্নপূরণও অনায়াস ও সহজলভ্য নয়। কারণ এই সমাজের কিছু অংশের মানসিকতার পরিবর্তন সহজসাধ্য নয়। প্রসঙ্গত সার্ধ শতবর্ষের অধিক পূর্বে জন্মগ্রহন করা প্রথম অন্যতমা মহিলা স্নাতক এবং কলকাতা মেডিক্যাল কলেজ থেকে প্রথম মহিলা ডাক্তার কাদম্বিনী গাঙ্গুলী যিনি সংসার সন্তান সামাল দিয়েও পেশায় সফল এবং দেশহিতব্রতে ছিলেন সদা সক্রিয়, তাঁকেও শিক্ষাগ্রহণ এবং পেশার জগতে অনেক অবহেলা প্রতিকুলতার সম্মুখীন হতে হয়েছিল। পরিশেষে আবার মনে পড়ে গেল যে ঘটনা দিয়ে শুরু করেছিলাম সেকথা। লৈঙ্গিক সমানাধিকারের সংগ্রামে সাফল্য আসবে তখনই যখন চিন্তাধারা ও মানসিকতার পরিবর্তন আসবে পুরুষের, সমাজের এবং অবশ্যই নারীসমাজের একাংশেরও। এভাবেই অর্ধেক পুরো হবার পথে এগোবে এ প্রত্যয় অর্জনই নারীদিবস পালনের সার্থকতা— এমন ভাবনার মাঝে এও যেন মনে পড়ে গেল, একুশ শতকের নারীশক্তির জয়যাত্রার, বন্ধন থেকে মুক্তির, অবদমন থেকে স্বাধীনতার অভীপ্সাই রূপ পেয়েছে কবির সুস্পষ্ট এ উচ্চারণে ‘আমার দুর্গা ত্রিশূল ধরেছে স্বর্গে এবং মর্ত্যে/আমার দুর্গা বাঁচতে শিখেছে নিজেই নিজের শর্তে’।

আনন্দকথা

স্ত্রী, পুত্র, বাপ, মা — সকলকে নিয়ে থাকবে ও সেবা করবে। যেন কত আপনার লোক। কিন্তু মনে জানবে যে, তারা তোমার কেউ নয়।

‘‘বড় মানুষের বাড়ির দাসী সব কাজ কচ্ছে, কিন্তু দেশে নিজের বাড়ির দিকে মন পড়ে আছে। আবার সে মনিবের ছেলেদের আপনার ছেলের মতো মানুষ করে। বলে ‘আমার রাম’ ‘আমার হরি’, কিন্তু মনে বেশ জানে — এরা আমার কেউ নয়।

‘‘কচ্ছপ জলে চরে বেড়ায়, কিন্তু তার মন কোথায় পড়ে আছে জানো? — আড়ায় পড়বে। বিপদ, শোক, তাপ — এ-সবে অধৈর্য হয়ে যাবে। আর যত বিষয়-চিন্তা করবে ততই আসক্তি বাড়বে।

‘‘তেল হাতে মেখে তবে কাঁঠাল ভাঙতে হয়!

(ক্রমশঃ)

জন্মদিন

আজকের দিন



সাহির লুধিয়ানভি

১৯২১ *বিশিষ্ট গীতিকার ও কবি সাহির লুধিয়ানভির জন্মদিন।*
১৯৫৩ *বিশিষ্ট রাজনীতিবিদ বসুন্ধরা রাজের জন্মদিন।*
১৯৭৪ *বিশিষ্ট চলচ্চিত্রাভিনেতা ফারদিন খানের জন্মদিন।*

আজ ৫০-এ পা দিল আন্তর্জাতিক নারীদিবস

ভারতের রাজনীতিতে মহিলা

অশোক সেনগুপ্ত

প্রতি বছর ৮ মার্চ সারা বিশ্বে পালিত হয় আন্তর্জাতিক নারী দিবস। কিন্তু এবারের ওই দিবসের একটা অন্য মাত্রা আছে। প্রথমত, সরকারিভাবে ওই দিবস উদযাপন এবার ৫০ বছরে পা দিল। দ্বিতীয়ত, কিছুকাল আগেই ভারতের সংসদে মহিলাদের জন্য ৩৩ শতাংশ সংরক্ষণের বিল পাশ হয়ে গিয়েছে। নিয়ম অনুযায়ী তা কার্যকর হবে ২০২৯ সালে। কিন্তু প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী যে বারবার নারীর ক্ষমতায়নের কথা বলেন, তার ছাপ ২০২৪ সালের নির্বাচনেই রাখতে চায় বিজেপি।

নারীদের সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক উপলব্ধির জন্য পালিত হয় দিনটি। এছাড়া নারীর অধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্যও এটি একটি গুরুত্বপূর্ণ দিন। ১৯৭৫ সালে, জাতিসংঘ ৮ মার্চকে স্বীকৃতি দেয় আন্তর্জাতিক নারী দিবস হিসেবে। সেই হিসাবে এবার দিবসটি ৫০-এ পা দিচ্ছে। যদিও আন্তর্জাতিক নারী দিবস ১৯০৯ সালে শুরু হয়। ১৯১০ সালে, আন্তর্জাতিক সমাজতান্ত্রিক কংগ্রেস ৮ মার্চকে আন্তর্জাতিক নারী দিবস হিসেবে ঘোষণা করে।

ভারতে রাজনৈতিক প্রতিনিধিত্বের প্রশ্নে মহিলা সংরক্ষণ আইন পাস করার ভাবনা এবং আলোচনা দীর্ঘ। যুগে যুগে হরেক আলোচনা হয়েছে। শেষ পর্যন্ত ২০২৩-এর ১৯ সেপ্টেম্বর ভারত সরকার সংসদের নিম্নকক্ষ এবং রাজ্য বিধানসভার এক তৃতীয়াংশ আসন মহিলাদের জন্য বরাদ্দ করার আইন প্রবর্তন করে।*আইন ও বিচার মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল প্রায় তিন দশক পর ভারতের সংসদের নিম্নকক্ষ লোকসভায় সংবিধান (একশত আটাশতম সংশোধনী) বিল, ২০২৩ পেশ করেন, যা*মহিলা সংরক্ষণ বিল নামেও পরিচিত। মহিলা সংরক্ষণ বিলটি লোকসভা, রাজ্য বিধানসভা এবং দিল্লি বিধানসভায় মহিলাদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষিত করবে।

২০২১-এ ভদোদরার রাজনৈতিক বিশ্লেষক ও ফ্রিল্যান্স সাংবাদিক রুচভি দাতানি ব্লগে ‘ভারতীয় রাজনীতিতে নারী গণতন্ত্রীকরণ এবং সিদ্ধান্ত গ্রহণ’ শিরোনামায় একটি আলোচনায় লিখেছেন, ইন্দিরা গান্ধী মোরারজি দেশাইকে ৩৫৫-১৬৯ ভোটে হারিয়ে বিশ্বের সবচেয়ে জনবহুল গণতন্ত্রের প্রথম মহিলা প্রধানমন্ত্রী হন। শ্রীলঙ্কার সিরিমা বন্দরনায়েক একমাত্র অন্য মহিলা যিনি তখন পর্যন্ত একটি জাতীয় সরকারের প্রধান ছিলেন। দুই দশক পরে, ১৯৮৫ সালে, কংগ্রেস ৩২ জন মহিলা প্রার্থীকে মনোনীত করেছিল, তবে ১৯৮০ সালে মাত্র ১৯ এবং ১৯৯০ সালে ১৭ জন। এটি ইঙ্গিত দেয় যে কংগ্রেসের অন্তঃদলীয় ক্ষমতা কাঠামোতে মহিলাদের অপর্যাপ্ত প্রভাব রয়েছে, বিশেষ করে যখন এটি টিকিট বন্টন বা প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে আসে।

মহিলা আইন প্রণেতাদের সামগ্রিক শতাংশের পরিপ্রেক্ষিতে, ভারত অনেক পিছিয়ে আছে বাংলাদেশ এবং রুয়ান্ডার চেয়ে। রুয়ান্ডার বিধায়কদের ৬২ শতাংশ নারী; যা বিশ্বজুড়ে একটি দেশে সর্বোচ্চ নারী প্রতিনিধিত্বের উদাহরণ।ভারতের লোকসভায় মোট সদস্যের ১৪.৫৮ শতাংশ নারী। ২০১৮ সালের হিসাবে, ভারতীয় জনতা পার্টি ৩ কোটি মহিলা সদস্য রয়েছে বলে দাবি করেছে। যেখানে অল ইন্ডিয়া ডেমোক্রেটিক উইমেনস অ্যাসোসিয়েশন দাবি করেছে ১ কোটি, এবং অল ইন্ডিয়া মহিলা কংগ্রেস দাবি করেছে লক্ষ লক্ষ।

এই অবস্থায় ইন্দিরা ফেলোশিপ প্রোগ্রাম চালু করে কংগ্রেস। মহিলাদের আরও বেশি করে রাজনীতিতে যোগ দেওয়ানোর উদ্দেশে এই পরিকল্পনা। ভারতীয় যুব কংগ্রেসের একটি উদ্যোগ এই ইন্দিরা ফেলোশিপ। তাদের অফিসিয়াল ওয়েবসাইটে দাবি করা হয়, সেটি ভারতে মহিলাদের জন্য প্রথম রাজনৈতিক ফেলোশিপ। ওয়েবসাইটে গিয়ে এই ফেলোশিপের জন্য সরাসরি আবেদন করার*কথা লেখা হয়। ২০২৩-এর ২৩ আগস্ট কংগ্রেস নেতা রাহুল গান্ধী একটি টুইট করে বলেন, ভারত তখনই প্রকৃত অর্থে সফল হবে, যখন নারীরা সমাজে পুরুষদের সমান জায়গা দখল করবে। মহিলাদের ক্ষমতায়ন এবং রাজনীতিতে তাঁদের চলাচলের মাধ্যমেই তা নিশ্চিত করা যাবে বলে জানান তিনি।

ওয়ার্ল্ড ইকনমিক ফোরাম-এর ‘গ্লোবাল জেন্ডার গ্যাপ রিপোর্ট’ ২০২১ বলে, লিঙ্গবৈষম্যের নিরিখে গত এক বছরে ভারত ২৮টি দেশের পিছনে চলে গিয়েছে; ১৫৬টি দেশের মধ্যে এখন ভারতের স্থান ১৪০তম স্থানে। শেষ কুড়িতে জায়গা এই প্রথম। রাজনৈতিক ক্ষেত্রে মহিলাদের সংখ্যা হ্রাসই পশ্চাদপসরণের প্রধান কারণ।

গোটা দেশেই এ বার বিজেপি মহিলা প্রার্থীর সংখ্যা বাড়াবে বলেই জানা গিয়েছে। তবে বাংলায় বিষয়টা বেশি গুরুত্বপূর্ণ। কারণ, লোকসভায় মহিলা সংরক্ষণ বিল (পোশাকি নাম ‘নারী শক্তি বন্দন অধিনিয়ম’) নিয়ে আলোচনায় তৃণমূলের পক্ষে বিজেপির সঙ্গে তুলনা টেনে আনা হয়। প্রাক্তন সাংসদ মহুয়া মৈত্র বলেছিলেন, ‘‘মমতা বন্দ্যোপাধ্যায় মহিলা সংরক্ষণ বিলের মা।’’ আর এক সাংসদ কাকলি ঘোষ দস্তিদার সেই আলোচনাতেই বলেছিলেন, ‘‘লোকসভায় তৃণমূলের মহিলা সাংসদের সংখ্যা ৯। অর্থাৎ আমাদের ৪০ শতাংশ সাংসদ মহিলা। বিজেপির মহিলা সাংসদের সংখ্যা মাত্র ১৩ শতাংশ।’’

দেশের কোথাও বিজেপির মহিলা মুখ্যমন্ত্রী নেই জানিয়ে কাকলি বলেছিলেন, ‘‘পশ্চিমবঙ্গে সদ্যসমাপ্ত ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে জেলা পরিষদের জয়ীদের মধ্যে ৫৩.৬৬ শতাংশ, পঞ্চায়েত সমিতিতে ৪২.৯৭ শতাংশ এবং গ্রাম পঞ্চায়েত বিজয়ীদের ৩৫.৬৬ শতাংশ মহিলা’’। সেই সময়েই অর্থাৎ গত সেপ্টেম্বরে অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, ‘আগামী বছরের লোকসভা নির্বাচনে তৃণমূলের তরফে ৫০ শতাংশ মহিলা প্রার্থীদের মনোনয়ন দেওয়ার কথা ভাবা হচ্ছে।’

মহিলা প্রার্থীর নিরিখে তৃণমূল খুবই আশাব্যঞ্জক স্থানে আছে। লোকসভা ও বিধানসভা ভোটে তাঁরা যে অনুপাতে মহিলা প্রার্থী রাখেন তিনি, দেশে তা বিরল। রাজ্যসভায় তৃণমূলের মহিলা সাংসদের সংখ্যা তুলনামূলক ভাবে কম ছিল। লোকসভায় তৃণমূলের সাংসদদের ৪২ শতাংশ মহিলা। বিধানসভায় তৃণমূল সদস্যদের ৩৩ শতাংশের বেশি মহিলা। সেখানে গত রাজ্যসভায় তৃণমূলের ১৩ জনের মধ্যে মাত্র দু’জন মহিলা; দোলা সেন ও মৌসম বেনজির নুর। সেই সংখ্যাই এ বার এক ধাক্কায় পাঁচে চলে গেল। তৃণমূলের বিদায়ী চার রাজ্যসভা সাংসদের তিন জনকেই প্রার্থী তালিকায় রাখেননি মমতা বন্দ্যোপাধ্যায়। তার বদলে যে তিন জনকে আনেন, প্রত্যেকেই মহিলা। সুস্মিতা দেব আগেও রাজ্যসভায় গিয়েছেন তৃণমূলের হয়ে। বাকি দু’জন নতুন। মমতাবালা ঠাকুর লোকসভায় ছিলেন আগে। রাজ্যসভার পথে প্রথম। এবং সাগরিকা ঘোষ সব দিক থেকে নতুন মুখ তো বটেই, তালিকায় সবচেয়ে বড় চমকও। লোকসভা নির্বাচনের দামামা বেজে না গেলেও প্রস্তুতি শুরু করে দিয়েছে সব দলই। সংরক্ষণের বিল পাশ হওয়ায় বিজেপি এ বার দেশে এক তৃতীয়াংশ মহিলা প্রার্থী দিতে চায়। সেই মর্মে এই রাজ্যেও নির্দেশ এসেছে কেন্দ্রীয় নেতৃত্বের। রাজ্য বিজেপির সভাপতি সুকান্ত মজুমদার বলেন, ‘‘আমাদের দলে প্রার্থী বাছাই করেন কেন্দ্রীয় নেতৃত্ব। ভোট অনেক দূরে। তবে মহিলাদের সম্মান এবং সুযোগ দেওয়ার বিষয়ে অন্য কোনও দলের সঙ্গে তুলনা চলে না বিজেপির।’’

প্রসঙ্গত, গত লোকসভা নির্বাচনে ২০১৯ সালে এই রাজ্যে বিজেপি পাঁচ জন মহিলা প্রার্থী দিয়েছিল। জিতেছিলেন হুগলিতে লকেট চট্টোপাধ্যায় এবং রায়গঞ্জে দেবশ্রী চৌধুরী। মন্ত্রীও করা হয়েছিল দেবশ্রীকে। পরে অবশ্য তাঁকে সরিয়ে দেওয়া হয়। ২০১৯ সালের ভোটে হেরে গিয়েছিলেন মালদহ দক্ষিণে শ্রীরূপা মিত্র চৌধুরী, ঘাটালে ভারতী ঘোষ এবং জঙ্গিপুরে মাফুজা খাতুন।

বিজেপি সূত্রে যা খবর, তাতে এই ছ’জনই এ বারেও টিকিট পাচ্ছেন। এর পরেও ছ’জনকে প্রার্থী করতে হবে। বাংলায় ৩৩ শতাংশ আসন মানে ১৪। কিন্তু কেন্দ্রীয় নেতৃত্বের নির্দেশ কমপক্ষে এক ডজন আসনে প্রার্থী দিতেই হবে। ফলে অতীতে বড় নির্বাচনে না লড়া অনেক নেত্রীই এ বার সুযোগ পেতে পারেন। এঁদের মধ্যে অবশ্যই রয়েছেন আসানসোল দক্ষিণের বিধায়ক তথা রাজ্য বিজেপির সাধারণ সম্পাদক অগ্নিমিত্রা পাল। তিনি অবশ্য বাবুল সুপ্রিয় পদত্যাগ করার পরে আসানসোল লোকসভার উপনির্বাচনে পরাজিত হয়েছিলেন। এ ছাড়াও নন্দীগ্রামে হেরে যাওয়ার পরে ভবানীপুর উপনির্বাচনে মমতা বন্দ্যোপাধ্যায় প্রার্থী হলে তাঁর বিরুদ্ধে লড়েছিলেন বিজেপির আইনজীবী নেত্রী প্রিয়াঙ্কা টিবরেওয়াল।

গত বিধানসভায় নির্বাচনে সোনারপুর দক্ষিণ আসনে প্রার্থী হয়েছিলেন অভিনেত্রী অঞ্জনা বসু, বালিগঞ্জ উপনির্বাচনে বিজেপির টিকিট পান কেয়া ঘোষ। এঁদের অনেকের নামই প্রার্থী তালিকায় দেখা যেতে পারে। রাজ্য বিজেপির সহ-সভাপতি চিকিৎসক মধুছন্দা কর, গত বিধানসভায় দমদম উত্তরের বিজেপি প্রার্থী চিকিৎসক অর্চনা মজুমদারের নামও উঠে আসতে পারে। তবে এ সবই প্রাথমিক আলোচনা। সবটাই ঠিক করবে বিজেপির সংসদীয় কমিটি।

ভারতের ১০ প্রভাবশালী মহিলা রাজনীতিক (কালানুযায়ী)

সরোজিনী (চট্টোপাধ্যায়) নাইডু

(১৩ ফেব্রুয়ারি ১৮৭৯ - ২ মার্চ ১৯৪৯)

ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম (ভারতীয়) মহিলা সভাপতি। পড়াশোনা লন্ডন ও কেম্ব্রিজে। ভারতীয় স্বাধীনতা আন্দোলনের একজন সক্রিয় যোদ্ধা হিসাবে কয়েকবার কারাবাস করেন। মহাত্মা গান্ধীর সঙ্গে তিনি যোগ দেন ডান্ডি পদযাত্রায়। ১৯৪৭-এ উত্তরপ্রদেশের প্রথম রাজ্যপাল হন।

সুচেতা (মজুমদার) কৃপালিনী

(২৫ জুন ১৯০৮ - ১ ডিসেম্বর ১৯৭৪)

ভারতের প্রথম মহিলা মুখ্যমন্ত্রী। দেশের সংবিধান রচনার উপসমিতির অন্যতম সদস্য ছিলেন তিনি। ১৯৪৭ সালের ১৪ই আগস্ট রাত ১২টার সময় গণ পরিষদে প্রথম স্বাধীনতার দিনে সদ্য প্রধানমন্ত্রী হওয়া জওহরলাল নেহেরুর বিখ্যাত ‘Tryst with destiny’ শীর্ষক ভাষণের পরে বন্দে মাতরম সঙ্গীত পরিবেশন করেন তিনি। ১৯৪১ খ্রিস্টাব্দে তিনি অখিল ভারতীয় মহিলা কংগ্রেসের সম্পাদক হিসাবে কার্যভার গ্রহণ করেন। ১৯৬৩-১৯৬৭ তিনি উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী ছিলেন।

অরুণা আসফ আলী

(১ জুলাই, ১৯০৯-২৯ জুলাই ১৯৯৯)

জন্মসূত্রে গাঙ্গুলি। জন্ম পঞ্জাবের কালকায়। বিয়াল্লিশের আন্দোলনে তিনি সক্রিয় ভূমিকা নিয়েছিলেন। ৯ আগস্ট বোম্বাই (মুম্বাই) গোয়ালিয়া ট্যাঙ্ক ময়দানে ইউনিয়ন জ্যাক নামিয়ে এনে সেই জায়গায় ত্রিরঙা পতাকা উড়িয়ে সংগ্রামী সকলের মাঝে উদ্দীপনা জাগিয়ে তোলেন। তাঁকে ভারতের স্বাধীনতা সংগ্রামে কয়েকবার জেলে যেতে হয়েছিল। পরে তিনি কংগ্রেসের প্রতি আস্থা হারিয়ে জাতীয় কংগ্রেস ছেড়ে সোসিয়ালিস্ট দলে যোগদান করেন। মৃত্যুকালে বয়স ছিল ৮৭। ভারতরত্ন (১৯৯৭), পদ্মবিভূষণ (১৯৯২)-সহ বিভিন্ন পুরস্কার পেয়েছেন।

পদ্মজা নাইডু

(১৭ নভেম্বর ১৯০০ - ২ মে ১৯৭৫)

সরোজিনী নাইডুর কন্যা। ১৯৫৭ থেকে ১৯৬৭ পর্যন্ত পশ্চিমবঙ্গের রাজ্যপাল ছিলেন। ২১ বছর বয়সে, তিনি হায়দ্রাবাদের নিজাম শাসিত রাজ্যে ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠা করেন। ১৯৪২ সালে ‘ভারত ছাড়ো’ আন্দোলনে অংশ নেওয়ার জন্য জেলে যান। স্বাধীনতার পর, ১৯৫০ সালে ভারতীয় সংসদে নির্বাচিত হন।

কল্পনা দত্ত

(২৭ জুলাই ১৯১৩ - ৮ ফেব্রুয়ারী ১৯৯৫)



সূর্য সেনের নেতৃত্বে সশস্ত্র স্বাধীনতা আন্দোলনের একজন সদস্য ছিলেন। ১৯৩০ সালে চট্টগ্রাম অস্ত্রাগার অভিযানে অংশ নেন। সূর্য সেনকে মুক্ত করতে তিনি জেলে বোমা মারার চেষ্টা করেন কিন্তু ব্যর্থ হন। ১৯৩৩ সালের ১৯ মে কল্পনাকে পুলিশ গ্রেফতার করে। বিচারে কল্পনাকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়। তিনি ১৯৩৯ সালে মুক্তি পান। পরে তিনি ভারতের কমিউনিস্ট পার্টিতে যোগ দেন। ১৯৪৩ সালে পার্টির সাধারণ সম্পাদক পুরান চাঁদ জোশীকে বিয়ে করেন।

ইন্দিরা ফিরোজ গান্ধী

(১৯ নভেম্বর ১৯১৭ - ৩১ অক্টোবর ১৯৮৪)

১৯৬৬ থেকে ১৯৭৭ এবং আবার ১৯৮০ থেকে নিহত হওয়া পর্যন্ত প্রধানমন্ত্রী ছিলেন। ভারতের একমাত্র মহিলা প্রধানমন্ত্রী। কঠোর ব্যক্তিত্বের জন্য হেনরি কিসিঞ্জার তাঁকে ‘আয়রন লেডি’ হিসাবে বর্ণনা করেছিলেন। ১৯৬৭ সালে তিনি চীনের সাথেল এবং ১৯৭১ সালে পূর্ব পাকিস্তানে সামরিক সংঘর্ষের সফল নেতৃত্ব দিয়েছিলেন। ১৯৯৯ সালে, বিবিসি-র অনলাইন সমীক্ষায় ‘সহস্র বছরের নারী’ উপাধি পান। ২০২০ সালে টাইম ম্যাগাজিন বিগত শতাব্দীতে ১০০ জন মহিলার মধ্যে তাঁকে রেখেছিল।

সোনিয়া গান্ধী

(এদভিগ এনতোনিয়া এ্যালবিনা মেইনো)
(জন্ম ৯ ডিসেম্বর ১৯৪৬)



ভারতের জাতীয় কংগ্রেসের প্রাক্তন সভাপতি এবং প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত রাজীব গান্ধীর স্ত্রী। স্বামীর হত্যার পরে, সোনিয়াকে দলের নেতৃত্ব দেওয়ার জন্য কংগ্রেস নেতারা আমন্ত্রণ জানালেও তিনি তা প্রত্যাখ্যান করেন। দলের পক্ষ থেকে অনেক আবেদন করার পরে ১৯৯৭ সালে রাজনীতিতে যোগ দিতে রাজি হন; ‘৯৮-তে তিনি দলীয় সভাপতি নির্বাচিত হন। তাঁর নেতৃত্বে কংগ্রেস ২০০৪ সালের নির্বাচনের পরে
অন্যান্য কেন্দ্রীয়-বাম রাজনৈতিক দলের সাথে জোটবদ্ধভাবে সরকার গঠন করে। ২০০৯ সালে পুনরায় ক্ষমতায় অধিষ্ঠিত সংযুক্ত প্রগতিশীল জোট (ইউপিএ) গঠনে সহায়ক ভূমিকা রাখার জন্য তাঁকে কৃতিত্ব দেওয়া হয়। ২০০৪ সালের জয়ের পরে তিনি প্রধানমন্ত্রীর পদ প্রত্যাখ্যান করে পরিবর্তে ক্ষমতাসীন জোট এবং জাতীয় উপদেষ্টা কাউন্সিলকে নেতৃত্ব দিয়েছেন।

জয়ললিতা জয়রাম

(২৪ ফেব্রুয়ারি, ১৯৪৮ - ৫ ডিসেম্বর, ২০১৬)

তামিলনাড়ুর প্রথম নারী ও সর্বকনিষ্ঠ মুখ্যমন্ত্রী। রাজনীতিতে উপাধি পান ‘পুরাচ্চি থালাইভি’ অর্থাৎ, ‘বিপ্লবী নেত্রী’। রাজ্যসভায় এআইএডিএমকের প্রতিনিধিত্ব করেন। ইংরেজিতে এবং বেশ কয়েকটি আঞ্চলিক ভাষায় দক্ষতার কারণে দল তাঁকে দিল্লির রাজনীতিতে সক্রিয় করে। ১৯৮৭ সালে এম জি রামাচন্দ্রনের মৃত্যুর পর ১৯৮৯ সালে জয়ললিতা বিধানসভার সদস্য হন ও সে বার বিধানসভার প্রথম বিরোধী দলনেত্রী হন। ওই বছরই এআইএডিএমকের দুই অংশ একত্রিত হয়ে জয়ললিতাকে তাঁদের নেতা বলে মেনে নেয়। সেই সময় সরকারি দলের বিধায়কদের হাতে তিনি শারীরিকভাবে লাঞ্ছিত হন।

মমতা বন্দ্যোপাধ্যায়

(জন্ম ৫ জানুয়ারী, ১৯৫৫)

পশ্চিমবঙ্গের প্রথম মহিলা মুখ্যমন্ত্রী। ২০ মে ২০১১ ওই দায়িত্ব নেওয়ার আগে কেন্দ্রীয় মন্ত্রী হিসাবে একাধিক দায়িত্ব পালন করেন। ভারতীয় জাতীয় কংগ্রেস থেকে বিচ্ছিন্ন হয়ে ১৯৯৮ সালে*অল ইন্ডিয়া তৃণমূল কংগ্রেস প্রতিষ্ঠা করেন। বিশ্বের দীর্ঘতম শাসক গণতান্ত্রিকভাবে নির্বাচিত কমিউনিস্ট পার্টির সমাপ্তি চিহ্নিত করে আলোড়ণ ফেলে দেন। ৩০ নভেম্বর ২০২১-এ, তিনি তাঁর পূর্বসূরি বুদ্ধদেব ভট্টাচার্যকে ছাড়িয়ে পশ্চিমবঙ্গের তৃতীয় দীর্ঘতম মুখ্যমন্ত্রী হন। মমতা যদি কমপক্ষে ২৬ অক্টোবর ২০২৫ পর্যন্ত পদে থাকেন, তাহলে বিধান চন্দ্র রায়কে ছাড়িয়ে জ্যোতি বসুর পরে দ্বিতীয় দীর্ঘতম মুখ্যমন্ত্রী হয়ে উঠবেন।

মায়াবতী নায়না কুমারী

(জন্ম জানুয়ারি ১৫, ১৯৫৬)



উত্তর প্রদেশের চার বারের প্রাক্তন মুখ্যমন্ত্রী। ‘৯৩, ‘৯৬ ও ২০০২-এ বিজেপি-র সহযোগিতায় এবং ২০০৭-এ পূর্ণ সংখ্যাগরিষ্ঠতা পেয়ে মুখ্যমন্ত্রী হন। তিনি বহুজন সমাজ পার্টির চেয়ারম্যান। ওঁরা ছাড়াও ভারত ইলা মিত্র, সুষমা স্বরাজ, বসুন্ধরা রাজে সিন্ধিয়া, শীলা দীক্ষিত প্রমুখ বেশ কিছু প্রভাবশালী মহিলা রাজনীতিককে পেয়েছে। তাঁদের সকলকেই প্রণাম।

লেখা পাঠান

সময়োপযোগী উত্তর সম্পাদকীয় লেখা পাঠান। যে কোনও বিষয়ে আপনার মতামত বা অভিযোগ জানিয়ে পাঠান চিঠিপত্র। অবশ্যই Unicode-এ টাইপ করে পাঠাতে হবে।

email : dailyekdin1@gmail.com

অবাধ নির্বাচনের লক্ষ্যে কেশপুরে বাহিনীর টহল

নিজস্ব প্রতিবেদন, মেদিনীপুর: ঘাটাল লোকসভা কেন্দ্রে এবার দুই অভিনেতার লড়াই হতে চলেছে। তৃণমূলের পক্ষ থেকে দেবের নাম এখনো আনুষ্ঠানিকভাবে ঘোষণা না হলেও বিজেপির পক্ষ থেকে হিরণের নাম ঘোষণা করা হয়েছে। যুযুধান দুই অভিনেতার নির্বাচনী প্রতিদ্বন্দ্বিতায় রাজনৈতিক উত্তেজনার পারদ বাড়ছে হু হু করে। তাই কেন্দ্রীয় বাহিনীর টহল শুরু হয়েছে ওই লোকসভা কেন্দ্রের অন্তর্গত কেশপুর বিধানসভা এলাকায়। ৩৪ বছরের বাম আমলে সিপিএমের প্রার্থীরা যেমন এই বিধানসভা কেন্দ্রে প্রায় এক লক্ষ ভোটের ব্যবধানে জয়লাভ করেছে তেমনি তৃণমূল সরকারের সময়ও প্রতিটি বিধানসভা নির্বাচনে তৃণমূল প্রার্থীদের জয়ের ব্যবধান একই রকম রয়েছে। গত লোকসভা নির্বাচনে অভিনেতা দেব ঘাটাল লোকসভা কেন্দ্রের অন্যান্য বিধানসভা কেন্দ্রগুলিতে সামান্য ভোটের ব্যবধানে এগিয়ে বা পিছিয়ে থাকলেও এই কেশপুর বিধানসভা কেন্দ্রে আশি হাজার ভোটে লিড নিয়ে বিজেপির ভারতী ঘোষকে অনেকটা পিছনে ফেলে জয়ী হন। সেই বাম আমল থেকেই এই কেশপুরে অবাধ ও সুষ্ঠু নির্বাচন না হওয়ার অভিযোগ উঠে এসেছে। তাই এবার সুষ্ঠু এবং অবাধ নির্বাচনের লক্ষ্যে বৃহস্পতিবার থেকেই কেশপুরে কেন্দ্রীয় বাহিনীর টহল শুরু হয়েছে। ভোটারদের মধ্যে আস্থা ফেরাতে কেন্দ্রীয় বাহিনী পৌঁছে যাচ্ছে গ্রামে গ্রামে। কথা বলছেন বাসিন্দাদের সঙ্গে। সকাল থেকে মাজুরহাটি সহ একাধিক এলাকায় টহল জারি রেখেছে বাহিনী।

মায়াপুর ইসকন জুড়ে গৌড় পূর্ণিমা মহোৎসব শুরু

নদিয়া: পতাকা উত্তোলনের মাধ্যমে মায়াপুর ইসকন মন্দিরে শুরু হয়ে গেল শ্রী চৈতন্যদেবের ৫৩৮ তম আবির্ভাব বা গৌড় পূর্ণিমা উৎসব। মায়াপুর ইসকনের গুরু মহারাজ সমন্বয়ে বিশেষ পূজা পাঠ ও পতাকা উত্তোলন অনুষ্ঠানে উপস্থিত ছিল দেশ-বিদেশের অসংখ্য ভক্ত। আগামী ১২ মার্চ বিশ্বের সমস্ত দেশের ভক্ত সমন্বয় শুরু হবে নবদ্বীপ মণ্ডল পরিক্রমা। নবদ্বীপের নয়টি দ্বীপ প্রদক্ষিণ করে পুনরায় ইসকন মন্দিরে ফিরে আসবে এই পরিক্রমা। আগামী ২৫ মার্চ অর্থাৎ হোলির দিন ভগবান শ্রীচৈতন্য মহাপ্রভুর জন্মের সন্ধিক্ষণে হবে বিগ্রহের মহাভিষেক অনুষ্ঠান। মায়াপুর ইসকনের গুরু পূর্ণিমা উৎসব উপলক্ষে ইতিমধ্যেই বিশ্বের সমগ্র দেশ থেকে দেশীয় বিদেশি ভক্তরা আসতে শুরু করেছে। সমস্ত দেশের ভক্তদের আগমনে মায়াপুর ইসকন মিনি ওয়ার্ল্ডে পরিণত হবে বলে দাবি ইসকন কর্তৃপক্ষের। এ বিষয়ে ইসকনের জনসংযোগ আধিকারিক রসিক গৌরাঙ্গ দাস জানান, মহাপ্রভুর ৫৩৮ তম আবির্ভাব

৩৫ দিন ব্যাপী এই উৎসবে বিশ্বের বিভিন্ন দেশের হাজার হাজার ভক্ত সমবেত হয়েছে মায়াপুর ইসকন মন্দির চত্বরে। প্রতিদিন চলছে বিভিন্ন ধরনের ধর্মীয় অনুষ্ঠান। জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে সমস্ত ধর্মের মানুষের মেলবন্ধনে মায়াপুর ইসকন মিলন প্রায় মেলায় পরিণত হয়েছে। উৎসব শুরু হয়ে গেছে ২২ ফেব্রুয়ারি থেকে। চলবে ২৭ মার্চ পর্যন্ত। বৃহস্পতিবার পতাকা উত্তোলন করা হল।

বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-
9331059060, 9831919791

FORM No. 13
BEFORE THE DEBTS RECOVERY TRIBUNAL, CUTTACK, ODISHA
C-71, SECTOR - 7 CDA, CUTTACK, ODISHA.
O.A NO. 504/2023

IDBI Bank Ltd ...Applicant
Versus
Debasis Ray & another ... Defendants
To
The Managing Director, Unitech Limited, Block C, 4th Floor, 22, Camac Street, Kolkata-16, West Bengal.

SUMMONS BY PAPER PUBLICATION FOR SHOWING CAUSE AS TO WHY THE RELIEF PRAYED SHOULD NOT BE GRANTED

Take notice that the applicant has instituted an O.A No. 504/2023 in the court of Debts of Recovery Tribunal, Cuttack for recovery of Rs. 39,01,932.00 only together with current and future Interest, costs and other reliefs. The above mentioned defendants are therefore, directed to appear before this tribunal in person or through an Advocate or duly authorized agent, in support of their defense to show cause within 30 days from the publication or on 22.04.2024 at 10.30 a.m. as to why reliefs prayed for should not be granted.

Take notice that in case of default, the application will be heard and determined in their absence.

Given under my hand seal of this Tribunal on this 21st day of February 2024.

Sd/- (Nikhila Ranjan Pati)
REGISTRAR

FORM B
PUBLIC ANNOUNCEMENT
(Regulation 12 of the Insolvency and Bankruptcy Board of India (Liquidation Process) Regulations, 2016)
FOR THE ATTENTION OF THE STAKEHOLDERS OF
SAMPURNA SUPPLIERS PRIVATE LIMITED

Sl. No.	PARTICULARS	DETAILS
1.	Name of corporate debtor	Sampurna Suppliers Private Limited
2.	Date of incorporation of corporate debtor	22/06/2006
3.	Authority under which corporate debtor is incorporated / Registered	ROC Kolkata
4.	Corporate Identity No. / Limited Liability Identification No. of corporate debtor	U51109WB2006PTC110095
5.	Address of the registered office and principal office (if any) of corporate debtor	4, Ram Kumar Rakhit Lane, Kolkata, West Bengal, India, 700007.
6.	Date of closure of Insolvency Resolution Process	4 March 2024
7.	Liquidation commencement date of corporate debtor	5 March 2024
8.	Name and registration number of the insolvency professional acting as liquidator	Sandip Mitra IBBI Registration No. IBBI/IPA-001/IP-P00497/2017-18/10885 (AFA valid up to 20/09/2024)
9.	Address and e-mail of the liquidator, as registered with the Board	53/C, Harish Mukherjee Road, Kolkata - 700 025. Email : sasoso@gmail.com
10.	Address and e-mail to be used for correspondence with the liquidator	53/C, Harish Mukherjee Road, Kolkata - 700 025. Email : sandipmitra_2001@hotmail.com
11.	Last date for submission of claims	**04-04-2024**

Notice is hereby given that the National Company Law Tribunal, Kolkata Bench (Court-II) has ordered the commencement of liquidation of Sampurna Suppliers Private Limited on 5 March 2024.
The stakeholders of Sampurna Suppliers Private Limited are hereby called upon to submit their claims with proof on or before 4 April 2024, to the liquidator at the address mentioned against item No. 10.
The financial creditors shall submit their claims with proof by electronic means only. All other creditors may submit the claims with the proof in person, by post or by electronic means.
In case a stakeholder does not submit its claims during the liquidation process, the claims submitted by such a stakeholder during the corporate insolvency resolution process under the Insolvency and Bankruptcy Board of India (Insolvency Resolution Process for Corporate Persons) Regulations, 2016, shall be deemed to be submitted under section 38. Submission of false or misleading proof of claims shall attract penalties.

Sandip Mitra
Liquidator in the matter of Sampurna Suppliers Private Limited
IBBI Registration No. IBBI/IPA-001/IP-P00497/2017-18/10885 (AFA valid up to 20/09/2024)
Date : 07-03-2024
Place : Kolkata

রিগা সুগার কোং লি (দেউলিয়াগ্রস্ত)
২০১৬ সালের ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি কোড সংস্থান অধীনে নিলামের জন্য সাধারণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সাধারণের অবগতির জন্য বিজ্ঞাপিত হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী কর্তৃক **মেসার্স রিগা সুগার কোং লি (দেউলিয়াগ্রস্ত)** মালিকানাধীন নিম্নোক্ত সম্পদ নিম্নোক্ত বিস্তারিত নিয়ম এবং শর্তাধীনে ই-নিলাম অধীনে বিক্রি করা হবে।

১.	নিলামের তারিখ এবং সময়	শুক্রবার, ৮ এপ্রিল ২০২৪ দুপুর ১২ টা থেকে সন্ধে ৬ টা পর্যন্ত ১০ মিনিটের অসীমায়িত সম্প্রসারণ সাপেক্ষে, অর্থাৎ প্রতিটি ই-নিলামের শেষ সময় ১০ মিনিট সম্প্রসারিত করা হবে নিলাম সমাপ্ত হওয়ার সময়ে ডাক দেওয়া হবে।
২.	বিক্রয় প্রক্রিয়াধীন দফাগুলি/ সম্পদ	বিকল্প এ : কোম্পানি চালু ভিত্তিতে ২০১৬ সালের আইবিবিআই (লিকুইডেশন প্রসেস)রেগুলেশনস এর রেগুলেশন ৩২(ই) এবং রেগুলেশন ৩২এ এবং ৩৩(১) অধীনে বিক্রয় করা হবে। বিকল্প বি : কোম্পানির সম্পদ একলপ্তে ২০১৬ সালের আইবিবিআই (লিকুইডেশন প্রসেস) রেগুলেশনস এর রেগুলেশন ৩২(বি) এবং ৩৩(১) সংস্থান অধীনে বিক্রি করা হবে। (উভয় বিকল্পের ক্ষেত্রে "যেখানে যে অবস্থায় আছে", "যেখানে যা আছে", "যেমন আছে ভিত্তিতে" , এবং " কোনও পরিবর্ত ভিত্তি ব্যতীত"বিক্রি করা হবে এবং ব্যাঙ্কের আমানত/জমা/মার্জিন মানি স্থানান্তরের অনুমতি দেওয়া হবে না)
৩.	সংরক্ষিত মূল্য	বিকল্প এ : ৯১.০০ কোটি টাকা (প্রযোজ্য কর এবং শুল্ক পৃথকভাবে দাখিল করতে হবে।)। বিকল্প বি : ৯৩.৫০ কোটি টাকা (প্রযোজ্য কর এবং শুল্ক পৃথকভাবে দাখিল করতে হবে।)
৪.	ইএমডি এবং দাখিলের শেষ তারিখ	৫.০০ কোটি টাকা ৬ এপ্রিল ২০২৪ তারিখ দাখিল করতে হবে। (প্রতিটি বিকল্পের জন্য পৃথকভাবে)।
৫.	নিলামে অংশ গ্রহণ	সকল আগ্রহী ডাকদাতাকে ওয়েবসাইটে www.rigasugar.com এবং https://nesl.co.in/auction-notices-under-ibc/ উপলব্ধ মেমোরান্ডাম প্রক্রিয়ায় বর্ণিত মতে সকল সংশ্লিষ্ট প্রযোজ্য নিয়ম এবং শর্তাদি পালন করতে হবে।
৬.	পর্যবেক্ষণ	আগ্রহী ডাকদাতারা নিম্নস্বাক্ষরকারীর সঙ্গে ই-মেল cirp.riga-sugar@gmail.com মারফত যোগাযোগ করে পর্যবেক্ষণের সূচি ঠিক করতে পারেন। অবগত হোন যে পর্যবেক্ষণ সংক্রান্ত সকল ব্যয় সংশ্লিষ্ট ডাকদাতাকে বহন করতে হবে এবং নিম্নস্বাক্ষরকারী সংশ্লিষ্ট ব্যয় বহনে দায়বদ্ধ হবেন না। পর্যবেক্ষণের অনুমতি দেওয়া হবে ডাকদাতা কর্তৃক ই-নিলাম সম্পর্কিত দাখিলকৃত নথির ভিত্তিতে উপযুক্ত বিবেচনায়।

সকল আগ্রহী ডাকদাতাকে পরামর্শ দেওয়া হচ্ছে, নিম্নস্বাক্ষরকারীর সঙ্গে ই-মেলে cirp.rigasugar@gmail.com যোগাযোগ করতে।
নীরজ জৈন
তারিখ : ৮ মার্চ ২০২৪ লিকুইডেটর - রিগা সুগার কোং লি (দেউলিয়াগ্রস্ত)
স্থান : কলকাতা আইবিবিআই রেজি নং : আইবিবিআই/আইপিএ-০০১/আইপি-পি০১০৬৭/২০১৮-১৮/১১৭৫৮
এএফএ বৈধতা : ১৪ জানুয়ারি ২০২৫

বারবার দুর্ঘটনার কারণে গুড়াপের দুলফা গ্রামে আন্ডারপাসের দাবি তুললেন স্থানীয়রা

নিজস্ব প্রতিবেদন, গুড়াপ: বাড়ি থেকে বেরলেই হাইওয়ে। আর সেই রাস্তা পারাপার হতে গিয়ে বারংবার দুর্ঘটনার শিকার হচ্ছেন স্থানীয় বাসিন্দারা। অনেকেই মারা গিয়েছেন। তারপরেও সজাগ হয়নি প্রশাসন। এই অবস্থায় বুধবার সাধারণ মানুষের যাতায়াতের সুবিধার জন্য গুড়াপের দুলফা গ্রামে আন্ডারপাসের দাবি তুললেন স্থানীয়রা। হুগলি জেলার ধনিয়াখালি ব্লকের গুড়াপ থানার অন্তর্গত দুলফা গ্রাম হতে ভাস্তারা যাওয়ার রাস্তায় আন্ডারপাসের দাবি বহুদিন ধরেই উঠছে। এখানে ৯ টি গ্রামে প্রায় ৩০ হাজার মানুষের বসবাস। কিন্তু বিকল্প ব্যবস্থা না থাকায় বাধ্য হয়ে জাতীয় সড়ক-২ এর উপর দিয়ে বিপজ্জনক ভাবে যাতায়াত করতে হয়। ছাত্র থেকে নিত্যযাত্রী, বয়স্ক সকলকে এইভাবে চলাচল করতে হয়। ফলে হামেশা ঘটে দুর্ঘটনা। গত মঙ্গলবারও এইভাবে যাতায়াত করতে গিয়ে একজনের মৃত্যু হয়েছে। দীর্ঘদিন ধরে জাতীয় সড়ক পার হওয়ার জন্য আন্ডারপাসের দাবি জানিয়ে আসছেন এই এলাকার মানুষ। কিন্তু বিষয়টি প্রশাসনের সর্বস্তরে জানালেও কোনও লাভ হয়নি। তাই এবার বাধ্য হয়ে পোস্টার হাতে পথে নামলেন তাঁরা। মঙ্গলবার রাস্তা পেরোতে গিয়েই পথ দুর্ঘটনায় মৃত শেখ আলাউদ্দিনের দেহ নিয়ে প্রতিবাদ মিছিল হয়। প্রায় ১ ঘণ্টা পথ অবরোধ করে রাখেন স্থানীয়রা। এরপর পুলিশ এসে জেলাশাসকের সঙ্গে তাঁদের কথা বলিয়ে দিলে তিনি সমস্যা সমাধানের আশ্বাস দেন। এরপর অবরোধ উঠে যায়।

"ফর্ম নং আইএনসি-২৬"
[২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ সংস্থান অধীনে]
কোম্পানির রেজিস্টার্ড অফিস এক রাজ্য থেকে অন্য রাজ্যে স্থানান্তরের নিমিত্ত কাগজে বিজ্ঞাপন
কেন্দ্রীয় সরকার
(রিজিওনাল ডিরেক্টর) ইস্টার্ন রিজিওন সমীপে
২০১৩ সালের কোম্পানি আইনের ১৩ ধারার (৪) উপধারা এবং ২০১৪ সালের কোম্পানি (ইনকর্পোরেশন) রুলসের রুল ৩০ এর সাব-রুল (৫) এর ক্লজ (এ) সম্পর্কিত
এবং
দেবীকা ফিন-ভেস্ট অ্যান্ড স্টকস প্রাইভেট লিমিটেড
রেজিস্টার্ড অফিস ১২এ, সুহাসিনি গাঙ্গুলি সরণি, ২য় তল, ফ্ল্যাট - ১এ, ভবানীপুর, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০২৫ সম্পর্কিত
....(দরখাস্তকারী)

এতদ্বারা সাধারণের উদ্দেশ্যে বিজ্ঞাপিত হচ্ছে, **৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে** অনুষ্ঠিত কোম্পানির অতিরিক্ত সাধারণ সভায় গৃহীত প্রস্তাব অনুযায়ী কোম্পানির মেমোরান্ডাম অব অ্যাসোসিয়েশনের পরিবর্তনক্রমে **"পশ্চিমবঙ্গ রাজ্য" থেকে "জাতীয় রাজধানি দিল্লিতে"** কোম্পানির রোজস্টার্ড অফিস স্থানান্তর নিমিত্ত ২০১৩ সালের কোম্পানি আইনের ১৩ ধারাধীনে কেন্দ্রীয় সরকার সমীপে এক আবেদন দাখিলের প্রস্তাব করেছে।
যেকোনও ব্যক্তির সংশ্লিষ্ট কোম্পানির রেজিস্টার্ড অফিস প্রস্তাবিত পরিবর্তনের কারণে স্বার্থ ক্ষুন্ন হওয়ার আশঙ্কা থাকলে **বিনিয়োগকারীগণের অভিযোগের ফর্ম পূরণ সাপেক্ষে** এমসিএ-২১ পোর্টাল (www.mca.gov.in) বা রেজিস্টার্ড ডাকে স্বার্থের ধরন এবং হলফনামা দ্বারা সমর্থিত মতে আপত্তির কারণ সম্বলিত নোটিশ এই বিজ্ঞপ্তি প্রকাশের চৌদ্দদিনের মধ্যে রিজিওনাল ডিরেক্টর, নিজাম প্যালেস, II এমএসও বিল্ডিং, ৪র্থ তল, ২৩৪/৪ এ জে সি বোস রোড, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০২০ ঠিকানায় নোটিশ পাঠাতে পারেন, একটি কপি অবেদনকারী কোম্পানির নিম্নে উল্লিখিত রেজিস্টার্ড অফিসে পাঠাতে হবে :
রেজিস্টার্ড অফিস : ১২এ, সুহাসিনি গাঙ্গুলি সরণি, ২য় তল, ফ্ল্যাট - ১এ, ভবানীপুর, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০২৫

কোম্পানির পক্ষে
দেবীকা ফিন-ভেস্ট অ্যান্ড স্টকস প্রা. লি. 'এর পক্ষে
স্বা/-
অভিষেক জৈন
(ডিরেক্টর)
ডিন - ০৯২০৮১২১
ঠিকানা - এইচ ৯ গ্রিন পার্ক নিউ দিল্লি-১১০০১৬
তারিখ : ০৮.০৩.২০২৪
স্থান : কলকাতা

বৈঙ্ক ऑफ इंडिया Bank of India BOI Relationship beyond banking
ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
বারাসত জোনাল অফিস
অ্যাসেট রিকভারি ডিপার্টমেন্ট
৩য় তল, ডিডি-২, সল্টলেক, সেক্টর - ১
বিধাননগর, কলকাতা - ৭০০০৬৪

পরিশিষ্ট IV [দ্রষ্টব্য রুল -৮(১)]
দখল নোটিশ (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী **ব্যাঙ্ক অব ইন্ডিয়া, শিবালয়া ব্রাঞ্চ অনুমোদিত অফিসার** হিসেবে ২০০২ সালের সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট আইনের ১৩(১২) ধারা এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলসের রুল ৮ সংস্থান অধীনে **১৮.০৮.২০২৩** তারিখে **ঋণগ্রহীতা শ্রী মুকুল কর (এ/সি নং - ৪১৩৩৭৫১১০০০০০২১)** কে নোটিশে উল্লিখিত পরিমাণ **৯,১৭,৬২৯.০০ টাকা অপরিবর্তিত সুদ সহ** নোটিশ পাওয়ার তারিখ থেকে ৬০ দিনের মধ্যে আদায়দানের জন্য এক দাবি নোটিশ ইস্যু করেছেন।
ঋণগ্রহীতা বকেয়া পরিশোধে ব্যর্থ হওয়ায় ঋণগ্রহীতাকে এবং সাধারণের প্রতি বিজ্ঞাপিত হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৪) এবং ২০০২ সালের সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলসের রুল ৮ সংস্থান অধীনে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নে উল্লিখিত জামিনদত্ত সম্পত্তি নিম্নস্বাক্ষরকারী কর্তৃক **৬ মার্চ ২০২৪** তারিখে স্বত্ব দখলীকৃত হয়েছে।
ঋণগ্রহীতাকে বিশেষভাবে এবং সাধারণের প্রতি সাধারণভাবে সতর্কিত করা হচ্ছে সংশ্লিষ্ট জামিনদত্ত সম্পত্তির কোনরূপ লেনদেন না করতে। কোনওরূপ লেনদেন **ব্যাঙ্ক অব ইন্ডিয়া,** -এর নিকট বকেয়া **৯,১৭,৬২৯.০০ টাকা অপরিবর্তিত সুদ সহ তাৎক্ষণিক ব্যয় এবং অন্যান্য চার্জ সহ এনপিএ তারিখ থেকে** আদায়দান সাপেক্ষ।
ঋণগ্রহীতার অবগতির জন্য জ্ঞাত করা হচ্ছে উক্ত আইনের ১৩ ধারার উপধারা (৮) সংস্থান অধীনে নির্ধারিত সময়ের মধ্যে বকেয়া পরিমাণ আদায় দিয়ে জামিনদত্ত সম্পত্তি উদ্ধার করতে পারেন।

স্থাবর সম্পত্তির বিবরণ
সংশ্লিষ্ট সকল অংশ সম্পত্তি শ্রী মুকুল কর এর নামে জমির পরিমাণ ২ কাঠা ৮ ছটাক বা ১১৬৬ বর্গফুট কমবেশি দলিল নং ১-১১৪৭২, তারিখ ২০.১২.২০১৭ অনুযায়ী, মৌজা : দত্তপুকুর, জেএল নং ১২২, আরএস খতিয়ান নং ৫০৪, এলআর খতিয়ান নং ৩১৯২, আরএস এবং এলআর প্লট নং ১২৬, থানা : দত্তপুকুর, পূর্বতন বারাসত, জেলা উত্তর ২৪পরগনা, হোল্ডিং নং ৭৭৭/১। **চৌহদ্দি : উত্তরে :** প্লট নং ১২৬ এর অবশিষ্ট অংশ জমি, **দক্ষিণে :** প্লট নং ১২৬ অবশিষ্ট জমি, **পূর্বে :** ৬ ফুট চওড়া সড়ক, **পশ্চিমে :** শ্রী শ্যামল কুমার কর এর জমি।
তারিখ : ০৬.০৩.২০২৪
স্থান : শিবালয়া
স্বা/- চিফ ম্যানেজার এবং অনুমোদিত অফিসার
ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

বৈঙ্ক ऑफ इंडिया Bank of India BOI Relationship beyond banking
ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
অ্যাসেট রিকভারি ডিপার্টমেন্ট
বারাসত জোনাল অফিস
৩য় তল, ডিডি-২, সল্টলেক, সেক্টর - ১, বিধাননগর, কলকাতা - ৭০০০৬৪

দায়বদ্ধ স্বর্ণারত্ন/অলংকার/মুদ্রা সাধারণ নিলামে বিক্রির নোটিশ

